# শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩
# পরিচালন এবং বাস্তবায়ন পরিকল্পনা

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩
# পরিচালন এবং বাস্তবায়ন পরিকল্পনা

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩
## পরিচালন এবং বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নে যারা জড়িত ছিলেন

### সার্বিক তত্ত্বাবধানে

- বিকাশ কিশোর দাশ, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- মোঃ কফিলউদ্দিন কাইয়া, প্রকল্প পরিচালক, শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা ২য় পর্যায় প্রকল্প, বাংলাদেশ শিশু একাডেমী
- মোহাম্মদ মহসিন, শিক্ষা ব্যবস্থাপক, ইউনিসেফ, ঢাকা
- ড. মনজুর আহমদ, সভাপতি, বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক, ঢাকা

### টেকনিক্যাল টিম সদস্যবৃন্দ

- ইকবাল হোসেন, উপদেষ্টা, কোয়ালিটি প্রাইমারী এডুকেশন, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ
- ডা. গোলাম মোস্তফা, ইসিডি উপদেষ্টা, আগা খান ফাউন্ডেশন (বাংলাদেশ)
- ম. হাবিবুর রহমান, ঊর্ধ্বতন শিক্ষা উপদেষ্টা, সেভ দ্য চিলড্রেন
- মাহমুদা আকতার, নির্বাহী পরিচালক, ইনস্টিটিউট অফ চাইল্ড এ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (আইসিএইচডি)
- মোঃ তারিকুল ইসলাম চৌধুরী, ইসিডি বিশেষজ্ঞ, শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা ২য় পর্যায় প্রকল্প, বাংলাদেশ শিশু একাডেমী

### টেকনিক্যাল টিম সমন্বয়ক

মোঃ মেহেদী হাসান, কোঅর্ডিনেটর, বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক

### পরামর্শক

ড. মোহাম্মদ তারিক আহসান, সহযোগী অধ্যাপক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

### উন্নয়নে

বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক

### সহায়তায়

শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা ২য় পর্যায় প্রকল্প, বাংলাদেশ শিশু একাডেমী

ইউনিসেফ

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| মুখবন্ধ | ৭ |
| পটভূমি | ৮ |
| লক্ষ্য ও উদ্দেশ্য | ৯ |
| প্রক্রিয়া | ৯ |
| বিবেচ্য বিষয় | ১০ |
| পরিধি ও অভীষ্ঠদল | ১১ |
| শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি পরিচালন পরিকল্পনা | ১২ |
| শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতির লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে বাস্তবায়ন পরিকল্পনা | ২২ |
| উপসংহার | ৭৩ |
| পরিশিষ্ট ১ঃ অংশীজন পরামর্শ কর্মশালায় মন্তব্য প্রদানকারীদের নামের তালিকা | ৭৪ |
| পরিশিষ্ট ২ঃ ইসিসিডি বিষয়ক জাতীয় কারিগরি কমিটির কর্মপরিধি | ৭৫ |
| পরিশিষ্ট ৩ঃ জাতীয় ইসিসিডি সমন্বয় কমিটির কর্মপরিধি | ৭৮ |

# মুখবন্ধ

# পটভূমি

বাংলাদেশ বিশ্বের একটি অন্যতম জনবহুল দেশ। এরকম একটি দেশের উন্নয়ন নিশ্চিত করতে হলে এই ক্রমবর্ধমান জনসংখ্যাকে মানবসম্পদে রূপান্তর করা জরুরি। একটি দক্ষ জনগোষ্ঠি পেতে জীবনের প্রারম্ভে বৃদ্ধি, বিকাশ ও আজীবন শিখনের একটি শক্ত ভিত্তি রচনা করা প্রয়োজন। আর এ ভিত্তি রচনা করার অন্যতম উপায় হল শিশুদের জন্য নিরাপদ জন্ম ও একটি সুন্দর, সুস্থ প্রারম্ভিক বিকাশ নিশ্চিত করা। গবেষণায় দেখা গেছে যে শিশুর নিরাপদ জন্ম ও সঠিকভাবে বেড়ে ওঠা নিশ্চিত করতে হলে মাতৃগর্ভে থাকা অবস্থায়ই মা ও শিশুর পরিচর্যা জরুরি। সেই সঙ্গে শিশুর জন্মের পর প্রথম আট বছর তার বেড়ে ওঠার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়কাল। এ সময়টি শিশুর প্রারম্ভিক শৈশবকাল হিসেবে পরিচিত। শিশুর বৃদ্ধি ও বিকাশ নিশ্চিত করার জন্য এসময়ে তার মৌলিক চাহিদা (খাদ্য, স্বাস্থ্য, আশ্রয়, বস্ত্র এবং সুরক্ষা) পূরণ করার সাথে সাথে তার বুদ্ধিভিত্তিক, সামাজিক, আবেগিক, এবং ভাষাগত বিকাশ নিশ্চিত করাও জরুরি। বৃদ্ধির সংগে সংগে এই বিকাশসমূহ নিশ্চিত করতে হলে প্রয়োজন শিশুর সংগে পারস্পরিক ক্রিয়া, বন্ধন, উদ্দীপনা, অনুসন্ধান ও আবিষ্কারের মাধ্যমে তাকে শেখার সুযোগ করে দেয়া। অর্থাৎ একটি সমন্বিত প্রক্রিয়ায় প্রারম্ভিক শৈশবে শিশুর সকল চাহিদার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা প্রয়োজন। শিশুর প্রারম্ভিক বিকাশের এই চাহিদাগুলো পূরণের জন্য বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান দীর্ঘদিন থেকে নানামুখী কার্যক্রম পরিচালনা করছে। এসকল কার্যক্রমের মধ্যে শিশুর স্বাস্থ্য, যত্ন, পুষ্টি, টিকাদান প্রারম্ভিক শিখন ও সুরক্ষা কার্যক্রম উল্লেখযোগ্য। ইতোমধ্যে জাতীয় শিক্ষা নীতির নির্দেশনা অনুযায়ি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রাক প্রাথমিক শিক্ষাকে প্রাথমিক শিক্ষার অবিচ্ছেদ্দ অংশ হিসেবে বাস্তবায়ন শুরু করেছে। এসকল কার্যক্রমে শিশুর মা-বাবা, অভিভাবক, জনসমাজ এবং সরকারি বেসরকারি অন্যান্য সংস্থার অংশগ্রহণ ও উল্লেখযোগ্য হারে বাড়ছে।

বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় শিশুর প্রারম্ভিক শৈশবকালের গুরুত্ব বিবেচনায় এই ধরনের সেবা কার্যক্রমগুলোকে সকলের কাছে গ্রহণযোগ্য ও শক্তিশালী করে সমন্বিত একটি নীতি কাঠামোর আওতায় আনার প্রয়োজনীয়তা গভীরভাবে উপলব্ধি করে। তারই প্রেক্ষিতে একটি ব্যাপক অংশগ্রহণমূলক প্রক্রিয়ার মধ্য দিয়ে ২০১৩ সালে 'শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩' শিরোনামে একটি সমন্বিত নীতি প্রণীত হয়। এই নীতি প্রণয়নের মাধ্যমে বাংলাদেশ সরকার শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের পুরো সময়কাল (গর্ভধারণ থেকে আট বছর) এবং এ সংক্রান্ত বহুমুখী খাতগুলোকে অন্তর্ভুক্ত করে সমন্বিতভাবে ইসিসিডি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে উদ্যোগগ্রহণ করে।

যেকোন নীতি বাস্তবে প্রায়োগিক রূপ দিতে হলে নীতির অধীন করণীয়সমূহ উপলব্ধি করা প্রয়োজন। তার অর্থ হচ্ছে নীতি কিভাবে বাস্তবায়িত হবে এবং কি বাস্তবায়ন করবে এই দুইটি বিষয়ে পরিস্কার ধারণা থাকা প্রয়োজন। ধারণাগতভাবে নীতিতে করণীয় সকল বিষয়ের বিস্তারিত ব্যাখ্যা থাকে না, কৌশলগত নির্দেশনা থাকে মাত্র। কাজেই নীতির যথাযথ প্রয়োগের মাধ্যমে এর লক্ষ্য-উদ্দেশ্য অর্জন করতে হলে তার একটি পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনা থাকা অত্যন্ত জরুরি। এই পরিকল্পনায় নীতির আলোকে তা বাস্তবায়নের প্রাতিষ্ঠানিক অবকাঠামো তৈরি, প্রয়োজনীয় জনবলের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিসহ অংশীজনদের মাঝে নীতিসংক্রান্ত সচেতনতা সৃষ্টি, দায়িত্ব পালনের নিমিত্ত বিভিন্ন স্তরের কমিটি গঠন এবং সংশ্লিষ্টদের করণীয় বিষয়ে সময়াবদ্ধ কার্যক্রম বর্ণিত থাকবে যার

ভিত্তিতে অনুমোদিত নীতিকে কার্যকরভাবে বাস্তবায়ন করা সম্ভব হবে। এখানে উল্লেখ্য যে দেশের সার্বিক উন্নয়ন পরিকল্পনার সাথে মিল রেখে 'শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩' বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং এ লক্ষ্যে নীতি বাস্তবায়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণ করার প্রয়োজন রয়েছে। এসকল প্রেক্ষাপট বিবেচনায় 'শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩' বাস্তবায়নের জন্য একটি পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন বিধায় বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে বিভিন্ন অংশীজনের সমন্বয়ে এ সম্পর্কিত পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনাটি প্রণয়নের উদ্যোগগ্রহণ করা হয়েছে।

**লক্ষ্য ও উদ্দেশ্য**

যেসকল লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য এই পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে সেগুলো নিম্নরূপ:

শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩ এর যথাযথ বাস্তবায়নে

- নীতির নির্দেশনা অনুযায়ি নীতি পরিচালনায় প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক উদ্যোগসমূহ সনাক্তকরণ এবং সে অনুযায়ি সংশ্লিষ্টদের দায়িত্ব নির্ধারণ;
- নীতির প্রতিটি কর্মকৌশল এর আওতায় প্রস্তাবনা অনুযায়ী কি কি কার্যক্রম হাতে নেয়া প্রয়োজন তা অগ্রাধিকারসহ নির্ধারণ;
- নীতির অধীনে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগসহ অন্যান্য অংশীজনদের দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ;
- নীতি সম্পর্কে ব্যাপক সচেতনতা তৈরিতে কার্যক্রম নির্দেশনা;
- নীতি বাস্তবায়নের সংগে সংশ্লিষ্ট সকলের দক্ষতা বৃদ্ধিতে করণীয় নির্ধারণ; এবং
- নীতিতে বিদ্যমান প্রস্তাবনা বাস্তবায়নের জন্য ১৫ বছর মেয়াদি একটি সময়াবদ্ধ (স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি) কর্মপরিকল্পনা প্রণয়ন।

**শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩ পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া**

বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় 'শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩' শিরোনামে একটি সমন্বিত নীতি প্রণয়ন করে যা ২০১৩ সালের নভেম্বর মাসে মন্ত্রীসভার অনুমোদন লাভ করে। নীতির বাস্তব প্রয়োগ ও যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা ২য় পর্যায় প্রকল্পের আওতায় প্রথমে বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ককে খসড়া নীতি পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নের জন্য নিযুক্ত করা হয়। বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক নীতি প্রণয়নের সংগে জড়িত এবং বিষয় বিশেষজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠন করে খসড়া প্রণয়নের কাজ শুরু করে। বিদ্যমান এ জাতীয় অন্যান্য পরিকল্পনাসমূহ বিবেচনায় নিয়ে কারিগরি কমিটি প্রথমে একটি রূপরেখা প্রণয়ন করে। পরিকল্পনাটিকে সহজবোধ্য এবং অন্যান্য নীতি ও কার্যক্রমের সংগে সংযুক্ত করতে বিদ্যমান নীতি, আইন ও বিধিসমূহ পর্যালোচনাসহ বিভিন্ন মন্ত্রণালয়ের এ সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনারও সিদ্ধান্ত গৃহিত হয়। এ প্রেক্ষিতে কারিগরি কমিটি বর্ণিত

পর্যালোচনা এবং পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনার খসড়া প্রণয়নের কাজ যুগপৎ শুরু করে। কার্যক্রমে গতিশীলতা আনতে কারিগরি কমিটিকে সহায়তা করার জন্য একজন পরামর্শক নিয়োগ করা হয়। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনার মাধ্যমে শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশ সম্পর্কিত বর্তমান কার্যক্রম চিহ্নিত করাসহ নীতির আলোকে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি পদক্ষেপসমূহ চিহ্নিত করে কারিগরি কমিটি প্রথম খসড়া প্রণয়ন করে। খসড়ায় প্রস্তাবিত কার্যক্রমের পাশাপাশি এতদসম্পর্কে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের নামও প্রস্তাব করা হয়। কারিগরি কমিটি নীতি পরিচালন এবং নীতি বাস্তবায়নের জন্য দুটি ভিন্ন পরিকল্পনা প্রণয়ন করে। প্রথম খসড়ার উপর মতামত প্রদানের জন্য সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, ইউনিসেফ এবং শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশ সংশ্লিষ্ট কারিগরি ও বেসরকারি সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে একটি অংশীজন পরামর্শক কর্মশালার আয়োজন করা হয় (অংশগ্রহণকারিদের নামের তালিকা পরিশিষ্ট-৩ এ সংযুক্ত)। এ কর্মশালায় উপস্থিত অংশগ্রহণকারীগণ খসড়া পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনার বিভিন্ন অংশে তাদের সুচিন্তিত মতামত প্রদান করে। যার ভিত্তিতে কারিগরি কমিটি খসড়া পরিকল্পনাটি পরিমার্জন ও চুড়ান্ত করে। পরিমার্জিত পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনাটি পর্যালোচনার নিমিত্ত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাসহ নীতিতে বর্ণিত মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিদের অংশগ্রহণে দুটি (০২) আন্তঃমন্ত্রনালয় সভার আয়োজন করা হয়। আন্তঃমন্ত্রনালয় সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত মতামত নীতি পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনায় সন্নিবেশন করা হয়। সর্বোপরি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের পর্যালোচনা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগসমূহের লিখিত চুড়ান্ত মতামতের ভিত্তিতে 'শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩' এর পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনাটি চুড়ান্ত করা হয়।

**বিবেচ্য বিষয়ঃ 'শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩' এর পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নে যে বিষয়সমূহ বিবেচনা করা হয়েছে;**

পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে নীতিকে ব্যবহারিক রূপ দিতে বিশেষ সতর্কতা অবলম্বন করা হয় যাতে করে পরিকল্পনাটি নীতির বিভিন্ন বিষয়ের সঠিক প্রতিফলন ঘটাতে পারে। এছাড়া একটি বাস্তবায়নযোগ্য সময়োপযোগি এবং সমন্বিত পরিকল্পনা প্রণয়নে আরো অনেক বিষয় বিবেচনা করা প্রয়োজন। এই পরিকল্পনাটি প্রণয়নের ক্ষেত্রে যে বিষয়গুলো বিশেষভাবে বিবেচনা করা হয়েছে সেগুলো নিম্নরূপঃ

- শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩ তে বর্ণিত পরিচালন ও কৌশলগত দিক-নির্দেশনাসমূহ সর্বোচ্চ বিবেচনায় নিয়ে এর যথাযথ বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।
- পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনাটি যাতে বিদ্যমান নীতির সাথে কোনভাবে সাংঘর্ষিক না হয় তা বিবেচনায় রাখা হয়েছে।
- পরিকল্পনাটি প্রণয়ন করার ক্ষেত্রে এটি যাতে বাস্তবসম্মত, বাস্তবায়নযোগ্য এবং বিদ্যমান সম্পদ ও সুযোগের সাথে সামঞ্জস্যপূর্ণ হয় তা বিবেচনায় রাখা হয়েছে।
- পরিকল্পনাটিতে একটি সমন্বিত উদ্যোগ প্রস্তাবিত হয়েছে, যাতে করে সাধারণ শিশুদের সাথে বিশেষ চাহিদা সম্পন্ন/প্রতিবন্ধি, সুবিধাবঞ্চিত ও পিছিয়ে পড়া জনগোষ্ঠির (যেমন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি) অন্তর্ভুক্ত শিশুদের প্রারম্ভিক যত্ন ও বিকাশ সমতার ভিত্তিতে নিশ্চিত করা যায়।

- পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনাটি যাতে সরকারি-বেসরকারি উদ্যোগের মধ্যে সহযোগিতার সুযোগ সৃষ্টি করতে পারে সে বিষয়টি বিবেচনায় রাখা হয়েছে।
- এই পরিকল্পনা যাতে শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশ সংশ্লিষ্ট বিভিন্ন অংশীজনদের অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করতে পারে সে বিষয়টি বিবেচনায় রাখা হয়েছে।
- এই পরিকল্পনার অধীনে প্রস্তাবিত পদক্ষেপসমূহ বিষয়ের গুরুত্ব ও প্রয়োজনীয়তা বিবেচনায় রেখে ধারাবাহিকক্রমে সাজানো হয়েছে ।
- বাংলাদেশের প্রেক্ষাপট বিবেচনায় জাতীয় ও আন্তর্জাতিক অগ্রাধিকারের সংগে সমন্বয় রেখে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পদক্ষেপসমূহ বিবেচনা করা হয়েছে। এখানে স্বল্প মেয়াদি বলতে ৫ বছরের মধ্যে অর্জনযোগ্য, মধ্য মেয়াদি বলতে ১০ বছরের মধ্যে অর্জনযোগ্য এবং দীর্ঘ মেয়াদি বলতে ১৫ বছরের মধ্যে অর্জনযোগ্য কার্যক্রম বোঝানো হয়েছে।
- সর্বোপরি সবার জন্য শিক্ষা ও সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার পরবর্তি নতুন লক্ষ্যসমূহ (ইএফএ এবং এসডিজি) ও তা অর্জনের সময় বিবেচনায় নিয়ে পরবর্তি ১৫ বছরে বাস্তবায়নযোগ্য একটি পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

**পরিধি ও অভীষ্ঠদল**

এই পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনার পরিধি **'শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩'** এর মধ্যে সীমাবদ্ধ। পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে বিদ্যমান কাঠামো, সেবা এবং ব্যবস্থার উপর ভিত্তি করে কার্যক্রম নির্ধারণ করা হলেও তা মূলনীতির নির্দেশনার ভিত্তিতে করা হয়েছে। নীতি বাস্তবায়নের সংগে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের দায়িত্ব ও কর্তব্য নির্ধারনের সময়ও মূলনীতি এবং সংশ্লিষ্ট সংস্থার আওতা বা ক্ষমতা বিবেচনায় রাখা হয়েছে। এই পরিকল্পনাটির মাধ্যমে অনুমোদিত নীতির আলোকে সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের কার্যক্রমসমূহের মধ্যে সমন্বয় সাধনের কৌশল সম্পর্কে ধারণা পাওয়া যাবে। তাছাড়া সরকারের সঙ্গে বেসরকারি, আন্তর্জাতিক ও উন্নয়ন সহযোগি সংস্থাসমূহের যৌথ উদ্যোগের কৌশল সম্পর্কেও জানা যাবে।

নীতি নির্ধারক থেকে তৃণমূল পর্যায়ের বাস্তবায়নকারীদের দায়িত্ব ও কতর্ব্য বিবেচনায় রেখে এই পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনাটি নীতি প্রণেতা, বিভিন্ন পর্যায়ে নীতি বাস্তবায়নকারী এবং পরিবীক্ষণকারীসহ বেসরকারি ও উন্নয়ন সহযোগি সংস্থার ব্যবহার উপযোগি করে প্রণয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট সকল সংস্থা ও ব্যক্তি নিজ নিজ ভূমিকার প্রেক্ষিতে প্রয়োজনীয় স্বতন্ত্র পরিকল্পনা প্রণয়নের দিক-নির্দেশনা প্রদান করবে এই পরিকল্পনা।

# শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি পরিচালন পরিকল্পনা

শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও সমন্বয়ের মূল দায়িত্ব পালন করবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সহযোগিতায় এ দায়িত্ব পালন করবে। নীতিতে বর্ণিত বাস্তবায়ন কৌশল ও নির্দেশনা অনুযায়ি নীতি পরিচালনায় প্রাতিষ্ঠানিক উদ্যোগসহ সংশ্লিষ্ট সকল পর্যায়ে গৃহিতব্য কার্যক্রম বিবেচনায় নিয়ে এ পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। বর্ণিত উদ্যোগের পাশাপাশি নীতি বাস্তবায়নের মূল দর্শনকে বিবেচনায় নিয়ে অন্যান্য উদ্যোগও গ্রহণ করা যাবে। এ ক্ষেত্রে সরকারি-বেসরকারি সংস্থা, বিভিন্ন উন্নয়ন সহযোগি সংস্থা ও কারিগরি সংস্থাসমূহ নিয়ে নীতি বাস্তবায়ন ও এর অর্থায়ন ত্বরান্বিত করতে একটি প্লাটফর্ম বা ভিত্তি তৈরি করার উদ্যোগগ্রহণ করা হবে।

| বিষয় | করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা | সময় |
|---|---|---|---|
| **বাস্তবায়ন কৌশল** | | | |
| **১২.১** শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় নারী ও শিশু উন্নয়ন পরিষদ (National Council of Women and Child Development- NCWCD) সার্বিক নীতি নির্দেশনা প্রদান করবে। এই পরিষদ মা ও শিশুর জন্য সর্বোত্তম সুরক্ষা, বিকাশ ও শিশু অধিকার সনদ বাস্তবায়ন এবং এ সংক্রান্ত আইন ও বিধি-বিধানের সুষ্ঠু প্রয়োগ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | • জাতীয় নারী ও শিশু উন্নয়ন পরিষদ এর কর্মপরিধিতে শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম অন্তর্ভুক্তকরণ<br>• জাতীয় নারী ও শিশু উন্নয়ন পরিষদ এর নিয়মিত সভায় নীতি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | জাতীয় নারী ও শিশু উন্নয়ন পরিষদ এর পরবর্তী সভা |
| **১২.২** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর নেতৃত্বে সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি সংস্থাসমূহের প্রতিনিধিদের নিয়ে একটি জাতীয় ইসিসিডি সমন্বয় কমিটি গঠন করা হবে। প্রস্তাবিত | • জাতীয় ইসিসিডি সমন্বয় কমিটি গঠন (কমিটির কর্মপরিধি, পরিশিষ্ট-১)<br>• জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদে উপস্থাপনের জন্য প্রস্তাবনা তৈরি | মূল মন্ত্রণালয়:<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>সহায়ক সংস্থা:<br>জাতীয় ইসিসিডি সমন্বয় কমিটির সদস্য প্রতিষ্ঠান | ডিসেম্বর ২০১৬ |

| বিষয় | করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা | সময় |
|---|---|---|---|
| নীতি বাস্তবায়নের জন্য জাতীয় নারী ও শিশু উন্নয়ন পরিষদের প্রয়োজনীয় সিদ্ধান্ত ও নির্দেশনার ব্যাপারে এই কমিটি বিভিন্ন বিষয়ে সুপারিশ প্রদান করবে। এছাড়া বর্ণিত নীতি বাস্তবায়ন সংক্রান্ত পদক্ষেপ, কার্যক্রম ও কৌশলের ক্ষেত্রে এই কমিটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে পরামর্শ দেবে। | • জাতীয় ইসিসিডি সমন্বয় কমিটির নিয়মিত সভা আয়োজন এবং অগ্রগতি পর্যালোচনা | | বছরে দুটি |
| **১২.৩** যথাযথ গতি ও গুণগত মান বজায় রেখে ইসিসিডি নীতির বাস্তবায়ন ত্বরান্বিত করতে এবং লব্ধ অভিজ্ঞতার আলোকে ইসিসিডি বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে কারিগরি পরামর্শ দেওয়ার জন্য যোগ্য ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের সমন্বয়ে একটি জাতীয় ইসিসিডি কারিগরি কমিটি গঠিত হবে। এই কমিটি ইসিসিডি নীতির আলোকে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নে মন্ত্রণালয়কে সহায়তা করবে। | • জাতীয় ইসিসিডি কারিগরি কমিটি গঠন (কমিটির কর্মপরিধি, পরিশিষ্ট-২)<br>• জাতীয় ইসিসিডি কারিগরি কমিটির নিয়মিত সভা আয়োজন, অগ্রগতি পর্যালোচনা এবং জাতীয় ইসিসিডি সমন্বয় কমিটির নিকট প্রতিবেদন পেশ | মূল মন্ত্রণালয়:<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>সহায়ক সংস্থা:<br>জাতীয় ইসিসিডি সমন্বয় কমিটির সদস্য প্রতিষ্ঠান | ডিসেম্বর ২০১৬<br>বছরে অন্তত দুটি |
| **১২.৪** শিশুর সার্বিক বিকাশ ও সুরক্ষার জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং এর অধীন বাংলাদেশ শিশু একাডেমীসহ অন্য দপ্তরসমূহের অবকাঠামোগত উন্নয়ন ও প্রয়োজনীয় সম্প্রসারণের মধ্য দিয়ে কর্মদক্ষতা বৃদ্ধি করা হবে। | • মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে একটি পুর্ণাঙ্গ ইসিসিডি সেল গঠন<br>• বাংলাদেশ শিশু একাডেমীতেও একটি ইসিসিডি ইউনিট/সেল গঠন<br>• সেল দুটিতে স্থায়ী জনবল পদায়ন এবং সুনির্দিষ্ট পরিকল্পনার মাধ্যমে তাদের কর্মদক্ষতা বৃদ্ধির | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ডিসেম্বর ২০১৬<br>ডিসেম্বর ২০১৬<br>মার্চ ২০১৭ |

| বিষয় | করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা | সময় |
|---|---|---|---|
| | ব্যবস্থা গ্রহণ<br>● মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থায় ইসিসিডি সমন্বয় কমিটি গঠন এবং কমিটির সদস্যগণের ইসিসিডি বিষয়ে দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ | | জুন ২০১৭ |
| **১২.৫** সরকার যথাসময়ে বাংলাদেশ শিশু একাডেমীকে উন্নীতকরণের মাধ্যমে শিশু বিষয়ক অধিদপ্তর-এ রূপান্তর অথবা একটি স্বতন্ত্র শিশু বিষয়ক অধিদপ্তর প্রতিষ্ঠার মধ্য দিয়ে শিশু বিকাশের সার্বিক কর্মকান্ড পরিচালনা করবে। | ● শিশু বিষয়ক অধিদপ্তর প্রতিষ্ঠা<br>● শিশু বিষয়ক অধিদপ্তরে একজন পরিচালকের নেতৃত্বে ইসিসিডি বিভাগ অন্তর্ভুক্তকরণ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ২০১৭ (ইউ এন সি আর সি কমিটির পর্যবেক্ষণ প্রতিবেদন অনুসারে) |
| **১২.৬** সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের শিশু বিষয়ক ফোকাল পয়েন্ট বা বিকল্প ফোকাল পয়েন্টের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি শিশু বিকাশ-বিষয়ক কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে প্রতি তিন মাস অন্তর মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করবেন। | ● সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সমূহে একজন ইসিসিডি ফোকাল পারসন এবং একজন বিকল্প ফোকাল পারসন নির্বাচনের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় থেকে পত্র প্রেরণ<br>● সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ইসিসিডি ফোকাল পারসন এবং বিকল্প ফোকাল পারসন মনোনীত করে আদেশ জারি<br>● ফোকাল পারসন এবং বিকল্প ফোকাল পারসনদের ওরিয়েন্টেশনের আয়োজন<br>● ফোকাল পারসনদের নিকট থেকে নিয়মিত অগ্রগতির প্রতিবেদন সংগ্রহ, সংকলন এবং প্রতিবেদন প্রস্তুতকরণ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ | ফেব্রুয়ারি ২০১৭<br>মার্চ ২০১৭<br>জুন ২০১৭<br>প্রতি তিন মাস অন্তর |
| **১২.৭** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে সংশ্লিষ্ট সকল অঙ্গ প্রতিষ্ঠান তাদের | ● মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং তার অধীনস্ত সংস্থাসমূহ তাদের বিদ্যমান অবকাঠামোর মাধ্যমে | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং তার অধীনস্ত সংস্থাসমূহ | জুন ২০১৭ |

| বিষয় | করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা | সময় |
|---|---|---|---|
| বিদ্যমান অবকাঠামোর মাধ্যমে জাতীয় পর্যায় থেকে মাঠ পর্যায়ে শিশু বিকাশ-বিষয়ক কার্যক্রম বাস্তবায়ন করবে। | জাতীয় পর্যায় থেকে মাঠ পর্যায়ে ইসিসিডি বিষয়ক কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়ন করবে<br>• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বার্ষিক কর্ম পরিকল্পনা অনুযায়ি তার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে | | প্রতি তিন মাস অন্তর |
| **১২.৮** সকল কার্যক্রমে সঠিক সমন্বয় নিশ্চিত করতে বিভিন্ন প্রশাসনিক ধাপে – যেমন : ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগে –বিদ্যমান শিশু-বিষয়ক কমিটিগুলোকে ইসিসিডি কার্যক্রম সমন্বয়ের দায়িত্ব দিয়ে সক্রিয় করার উদ্যোগগ্রহণ করা হবে। | • জাতীয় পর্যায় থেকে ইউনিয়ন পর্যায় পর্যন্ত শিশু বিষয়ক সকল বিদ্যমান কমিটি সনাক্তকরণ, পর্যালোচনা এবং একটি কমিটিকে মূল দায়িত্ব দিয়ে সংশোধন প্রস্তাব প্রণয়ন (প্রয়োজন অনুযায়ি কমিটিতে সদস্য এবং এজেন্ডাতে ইসিসিডি বিষয় অন্তর্ভুক্তকরণ)<br>• সংশ্লিষ্ট কমিটিসমূহের সদস্যবৃন্দের ইসিসিডি বিষয় এবং তাদের দায়িত্ব ও কর্তব্য বিষয়ে ওরিয়েন্টেশন<br>• সংশ্লিষ্ট কমিটিসমূহ তার নিজ নিজ এলাকার ইসিসিডি বিষয়ক কার্যক্রম পর্যালোচনা করে পরবর্তি ধাপের কমিটির কাছে প্রতিবেদন প্রেরণ করবে | জাতীয় ইসিসিডি কারিগরি কমিটি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br><br>বাংলাদেশ শিশু একাডেমী | ডিসেম্বর ২০১৭<br><br>জুন ২০১৮<br><br>প্রতি তিন মাসে |
| **১৩. প্রশিক্ষণ** | | | |
| ইসিসিডি-বিষয়ক জাতীয় কারিগরি কমিটি সারা দেশের ইসিসিডি-বিষয়ক জ্ঞান, দক্ষতা, আচরণ ও বিদ্যমান বাস্তবায়ন পরিস্থিতি বিবেচনা করে ইসিসিডি-বিষয়ক একটি জাতীয় প্রশিক্ষণ নীতিমালা তৈরি করবে। ইসিসিডি-সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রদান | • ইসিসিডি-বিষয়ক একটি জাতীয় প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন<br>• ইসিসিডি-বিষয়ক একটি প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়ন<br>• পরিকল্পনা অনুযায়ি প্রশিক্ষণ মডিউল তৈরি<br>• প্রশিক্ষণ কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য অর্থ বরাদ্দ | জাতীয় ইসিসিডি কারিগরি কমিটি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br><br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, পরিকল্পনা অনুযায়ি সংশ্লিষ্ট | জুন ২০১৮<br><br>ডিসেম্বর ২০১৮<br><br>ফেব্রুয়ারি ২০১৯ |

| বিষয় | করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা | সময় |
|---|---|---|---|
| উপযোগী সরকারি-বেসরকারি প্রশিক্ষণ কেন্দ্রসমূহকে বিবেচনায় নিয়ে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা তৈরির মাধ্যমে জাতীয় পর্যায় থেকে মাঠ পর্যায় পর্যন্ত একটি নিবিড় প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হবে। ইসিসিডি-সংক্রান্ত নতুন প্রশিক্ষণ অবকাঠামো তৈরিসহ বিদ্যমান বিভিন্ন প্রশিক্ষণ মডিউলগুলোকে পুনর্মূল্যায়ন করে নতুন তত্ত্ব, তথ্য ও উপাত্তের আলোকে উন্নয়ন করা হবে। | • প্রশিক্ষণ কর্মপরিকল্পনা বাস্তবায়ন | মন্ত্রণালয়/বিভাগ এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান | ডিসেম্বর ২০১৯ |
| **১৪. সামাজিক উদ্বুদ্ধকরণ**<br>সমন্বিত ইসিসিডি-বিষয়ক কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে নীতি-নির্ধারণী পর্যায় থেকে পরিবার পর্যন্ত সমানভাবে সচেতনতা সৃষ্টির উদ্যোগ গ্রহণ করা হবে। সামাজিক সচেতনতা তৈরিসহ সার্বিক উদ্বুদ্ধকরণ পরিকল্পনা প্রণয়নে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করা হবে : | | | |
| **১৪.১** কেন্দ্রীয়ভাবে একটি সমন্বিত সামাজিক উদ্বুদ্ধকরণ পরিকল্পনা প্রণয়ন করা, যাতে বাস্তবায়নকারী বিভিন্ন সংস্থা তা অনুসরণ করে নিজস্ব পরিকল্পনা প্রণয়ন করতে পারে; | • ইসিসিডি বিষয়ক জ্ঞান, দক্ষতা এবং আচরণ সংক্রান্ত ষ্টাডি/গবেষণা পরিচালনা<br>• ইসিসিডি বিষয়ক জাতীয় সামাজিক উদ্বুদ্ধকরণ কৌশল ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন | বাংলাদেশ শিশু একাডেমী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক সংস্থা**<br>বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক | চলমান<br>ডিসেম্বর ২০১৮ |
| **১৪.২** নীতি বাস্তবায়নকে ত্বরান্বিত করে অগ্রাধিকার ভিত্তিতে এরূপ ইস্যুতে পরিকল্পনা প্রণয়ন; | • ষ্টাডি/ গবেষণা রিপোর্ট অনুযায়ি অগ্রাধিকার ইস্যু সনাক্তকরণ<br>• অগ্রাধিকারসমূহকে বিবেচনায় নিয়ে জাতীয় সামাজিক উদ্বুদ্ধকরণ কৌশল ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন | বাংলাদেশ শিশু একাডেমী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক সংস্থা**<br>বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক | চলমান |

| বিষয় | করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা | সময় |
|---|---|---|---|
| **১৪.৩** পরিকল্পনা প্রণয়নে জ্ঞান, দক্ষতা এবং আচরণিক পরিবর্তনকে সমানভাবে বিবেচনা করা; | • জাতীয় সামাজিক উদ্বুদ্ধকরণ কৌশল ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নে জ্ঞান, দক্ষতা এবং আচরণিক পরিবর্তনকে সমানভাবে বিবেচনা করা | বাংলাদেশ শিশু একাডেমী,<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক সংস্থা**<br>বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক | চলমান |
| **১৪.৪** বেসরকারি খাতের অংশগ্রহণসহ সম্ভাব্য সকল মিডিয়া ব্যবহার করা এবং এ লক্ষ্যে অংশীদারিত্ব তৈরি | • ইসিসিডি নীতি বাস্তবায়নে বেসরকারি খাতের সম্পৃক্ততার জন্য প্রণীত কৌশলপত্রে অগ্রাধিকার ভিত্তিতে সামাজিক উদ্বুদ্ধকরণ বিষয়টি অন্তর্ভুক্ত করা<br>• সামাজিক উদ্বুদ্ধকরণে সরকারি-বেসরকারি গণমাধ্যমের অংশীদারিত্বমূলক সক্রিয় অংশগ্রহণের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন | ইসিসিডি বিষয়ক জাতীয় কারিগরি কমিটি,<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,<br>বাংলাদেশ শিশু একাডেমী<br>**সহায়ক সংস্থা**<br>বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক | চলমান |
| **১৪.৫** তথ্যপ্রযুক্তি ও জনসম্পদসহ সম্ভাব্য সকল সরকারি সুবিধার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা | • সামাজিক উদ্বুদ্ধকরণের জন্য সরকারের বিদ্যমান জনবল ও অবকাঠামোগত সুযোগ সুবিধাদি চিহ্নিত করে তার সর্বোচ্চ ব্যবহার কৌশলপত্রে অন্তর্ভুক্ত করা<br>• তথ্যপ্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা | বাংলাদেশ শিশু একাডেমী,<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | চলমান |
| **১৫. সরকারি-বেসরকারি অংশীদার ও উন্নয়ন সহযোগীদের মধ্যে সমন্বয় পরিকল্পনা**<br>ইসিসিডি-সংক্রান্ত কার্যক্রম পরিকল্পনা ও বাস্তবায়ন করার জন্য সরকারি উদ্যোগকে সুসংহত ও আরো ফলপ্রসূ করার লক্ষ্যে বেসরকারি সংস্থাসমূহের সহযোগিতাকে উৎসাহিত করা হবে। নীতি নির্ধারণ ও বাস্তবায়ন উভয় ক্ষেত্রে সরকারি-বেসরকারি | • ইসিসিডি নীতি বাস্তবায়নে সরকারি-বেসরকারি সংস্থাসমূহের মধ্যে অংশগ্রহণ, সহযোগিতা ও সমন্বয়ের নিমিত্ত একটি নির্দেশনা প্রণয়ন করা<br>• নির্দেশনায় নিম্নবর্ণীত বিষয়সমুহ অন্তর্ভুক্ত করা<br>  ○ বেসরকারি সংস্থাসমূহের সহযোগিতাকে উৎসাহিত করা<br>  ○ নীতি বাস্তবায়ন কাঠামোতে বেসরকারিসহ সকল পর্যায়ের সংস্থার অংশগ্রহণ নিশ্চিত করা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক সংস্থা**<br>ইসিসিডি বিষয়ক জাতীয় কারিগরি কমিটি,<br>বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক | ডিসেম্বর ২০১৮ |

| বিষয় | করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা | সময় |
| --- | --- | --- | --- |
| কর্মকান্ডের সুসমন্বয়কল্পে নীতি বাস্তবায়ন কাঠামোতে বেসরকারিসহ সকল পর্যায়ের সংস্থার অংশগ্রহণ নিশ্চিত করবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। এছাড়া নীতি বাস্তবায়নে অগ্রগতি পরিমাপক ও সূচক নির্ধারণে ইসিসিডি-বিষয়ক জাতীয় কারিগরি কমিটি সরকারি-বেসরকারি অংশীদার ও উন্নয়ন সহযোগীদের মধ্যে সমন্বয় পরিকল্পনা বিশেষভাবে বিবেচনা করবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ইতোমধ্যে প্রাক-প্রাথমিক শিক্ষায় সরকারি-বেসরকারি সংস্থাসমূহের মধ্যে সহযোগিতা ও সমন্বয়ের নিমিত্ত একটি নির্দেশনা অনুমোদনসহ এর একটি বাস্তবায়ন পরিকল্পনাও প্রণয়ন করেছে যা এ ক্ষেত্রে বিবেচনা করা হবে। | ○ বেসরকারি অংশীদার ও উন্নয়ন সহযোগীদের মধ্যে সমন্বয় পরিকল্পনা গ্রহণ<br>○ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রাক-প্রাথমিক শিক্ষায় সরকারি-বেসরকারি সংস্থাসমূহের মধ্যে সহযোগিতা ও সমন্বয়ের নিমিত্ত প্রণীত নির্দেশনাটি বিবেচনা করা | | |
| **১৬. গবেষণা, পরিবীক্ষণ ও মূল্যায়ন**<br>শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশ-বিষয়ক কার্যক্রমের গুণগত মান নিয়ন্ত্রণ ও উত্তরোত্তর তা বৃদ্ধির লক্ষ্যে যথাযথ গবেষণা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিষয়ে কার্যকর ব্যবস্থা নেওয়া হবে। বিদ্যমান গবেষণা কার্যক্রমের মধ্যে ইসিসিডি-বিষয়ক গবেষণা অন্তর্ভুক্তকরণসহ একটি সমন্বিত গবেষণা পরিকল্পনা প্রণয়ন করে গবেষণার ফলাফল যথাযথভাবে যেন কর্মসূচি প্রণয়নে | ● নিম্নলিখিত বিষয়সমুহ অন্তর্ভুক্ত করে ইসিসিডি বিষয়ক একটি গবেষণা পরিকল্পনা প্রণয়ন<br>○ মৌলিক গবেষণা করার লক্ষ্যে প্রস্তাবনা<br>○ বিদ্যমান গবেষণায় ইসিসিডি বিষয় অন্তর্ভুক্ত করা (যেমন, BDHS)<br>○ সরকারি-বেসরকারি গবেষণা সংস্থাকে এ সংক্রান্ত গবেষণায় উৎসাহিত করা<br>○ গবেষণার ফলাফল বিস্তরণ এবং তার আলোকে কর্মসূচির পরিমার্জন, পরিবর্তন ও পরিবর্ধন করা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,<br>আইএমইডি,<br>ইসিসিডি বিষয়ক জাতীয় কারিগরি কমিটি<br>**সহায়ক সংস্থা**<br>বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক | চলমান |

| বিষয় | করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা | সময় |
|---|---|---|---|
| ব্যবহার করা হয় তার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে। নীতি বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের লক্ষ্যে তথ্যভান্ডার তৈরিসহ প্রয়োজনীয় টুলকীট তৈরি করা হবে। | • নীতি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনাসহ টুলকীট তৈরি<br>• বিদ্যমান অবস্থা নির্ণয় করে (বেইসলাইন) পরবর্তিতে নির্দিষ্ট সময় পর পর মূল্যায়নের ভিত্তিতে অবস্থা পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ<br>• ইসিসিডি নীতি বাস্তবায়ন পর্যালোচনার লক্ষ্যে ডাটাবেইস তৈরি | | |
| **১৭. অর্থায়ন** | | | |
| **১৭.১** শিশুর সমন্বিত ইসিসিডি-বিষয়ক নীতি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহের নিমিত্তে বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় প্রধান সমন্বয়কের ভূমিকা পালন করবে। | • নীতি বাস্তবায়নের জন্য বাৎসরিক কর্ম-পরিকল্পনা ও বাজেট প্রণয়ন<br>• সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ কর্তৃক ইসিসিডি নীতি বাস্তবায়নে বরাদ্দসমুহ সংকলিত করে রিপোর্ট প্রণয়ন এবং বাৎসরিক একীভূত পরিকল্পনা ও বাজেটের সংগে তুলনা করে অর্থায়ন ও বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | চলমান |
| **১৭.২** বাস্তবায়নকারী বিভিন্ন সংস্থার অনুকূলে ইসিসিডি-বিষয়ক কার্যক্রমের জন্য বরাদ্দ বৃদ্ধিসহ সমন্বয় কাঠামোর যথাযথ কার্যকারিতা ও সক্রিয়তার লক্ষ্যে অর্থ বরাদ্দ করা হবে। | • নীতি বাস্তবায়ন, সমন্বয় ও মূল্যায়নের জন্য বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ি অর্থ বরাদ্দের ব্যবস্থা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশন | চলমান |
| **১৭.৩** প্রস্তাবিত নীতির লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় নির্ধারিত মোট সম্পদ সীমার (Total Budget Ceiling) আলোকে | • নীতি বাস্তবায়নের জন্য রাজস্ব ও উন্নয়ন খাতে সুনির্দিষ্ট বরাদ্দের ব্যবস্থা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশন | চলমান |

| বিষয় | করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা | সময় |
|---|---|---|---|
| প্রয়োজনীয় অর্থ বরাদ্দের উদ্যোগ গ্রহণ করা হবে | | | |
| **১৭.৪** এ নীতির অধীন কার্যক্রমের অগ্রাধিকার বিবেচনা করে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (Annual Development Programme-ADP)-তে সংশ্লিষ্ট মন্ত্রালয়/বিভাগের অনুকূলে নতুন প্রকল্প অনুমোদন এবং উক্ত মন্ত্রণালয়/বিভাগের মধ্য মেয়াদি বাজেট কাঠামোতে উল্লেখিত সম্পদ সীমার মধ্যে বাজেট বরাদ্দের উদ্যোগগ্রহণ করা হবে | ● বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় সংশ্লিষ্ট মন্ত্রণালয় নীতির উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ | নীতি বাস্তবায়নের সংগে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ,<br>পরিকল্পনা কমিশন,<br>অর্থনৈতিক সম্পর্ক বিভাগ,<br>অর্থ বিভাগ | চলমান |
| **১৭.৫** নীতি বাস্তবায়নের অগ্রাধিকার কার্যক্রম হাতে নেয়ার লক্ষ্যে সরকার উন্নয়ন সহযোগি সংস্থা এবং বেসরকারি কিংবা ব্যক্তিমালিকানাধীন খাতের সঙ্গেও যৌথ উদ্যোগ গ্রহণ করবে | ● ইসিসিডি নীতি বাস্তবায়নে সরকারি-বেসরকারি সংস্থাসমূহের মধ্যে অংশগ্রহণ, সহযোগিতা ও সমন্বয়ের নিমিত্ত প্রণীত নির্দেশনা অনুসরণে যৌথ উদ্যোগের সুনির্দিষ্ট পরিকল্পনা, অর্থ বরাদ্দ ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,<br>সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ,<br>বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক | চলমান |
| **১৭.৬** বিভিন্ন বাস্তবায়নকারী সংস্থার অনুকূলে বরাদ্দকৃত বাজেট এবং বাস্তবায়ন ও সমন্বয়ক কাঠামোর জন্য সমন্বয়ক মন্ত্রণালয়ের বরাবরে বরাদ্দকৃত অর্থ একীভূত করে এ খাতের মোট বরাদ্দ প্রদর্শন করা হবে | ● রাজস্ব ও উন্নয়ন খাতে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ইসিসিডি বাজেট হিসেবে প্রদর্শন | অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশন | চলমান |
| **১৮. স্বচ্ছতা ও জবাবদিহিতা**<br>ইসিসিডি-কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর পদ্ধতি অনুসরণ এবং | ● শিশু বিকাশ ও উন্নয়ন নিশ্চিত করতে সর্বোচ্চ নীতি নির্ধারনী জাতীয় নারী ও শিশু উন্নয়ন পরিষদ নীতি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও নিয়মিতভাবে মূল্যায়ন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,<br>সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ (যেমন, আইএমইডি),<br>বেসরকারি সংস্থা | চলমান |

| বিষয় | করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা | সময় |
|---|---|---|---|
| কার্যক্রমের অগ্রগতি নিয়মিতভাবে মূল্যায়ন করা হবে | করবে এবং সংশ্লিষ্ট সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।<br>• জাতীয় ইসিসিডি সমন্বয় কমিটি নীতি বাস্তবায়ন নিয়মিতভাবে পর্যবেক্ষণ ও মূল্যায়ন করে অগ্রগতি বিস্তরণ এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।<br>• সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ তার নিজ নিজ কর্ম-পরিকল্পনা অনুসরণে নীতি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও মূল্যায়ন এবং সে অনুযায়ি সংশ্লিষ্ট সংস্থাকে নির্দেশনা প্রদান।<br>• সরকারি-বেসরকারি সংস্থা ইসিসিডি বিষয়ে তাদের নিজ নিজ কার্যক্রম ও বাজেট সংক্রান্ত তথ্য যথাযথ মাধ্যমে সকলের জন্য উন্মুক্ত রাখা।<br>• সরকার নীতি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করে নিয়মিত প্রতিবেদন প্রকাশ করা। | | |
| **১৯. আইন ও বিধি-বিধান প্রণয়ন**<br>শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি বাস্তবায়নের লক্ষ্যে কোনো আইন, বিধি-বিধান, নির্দেশিকা, প্রজ্ঞাপন ইত্যাদি প্রণয়নের প্রয়োজন দেখা দিলে সমন্বয়ক মন্ত্রণালয় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তা প্রণয়ন করবে | • জাতীয় ইসিসিডি সমন্বয় কমিটি নীতি বাস্তবায়ন সংক্রান্ত কোন আইন, বিধি-বিধান, নির্দেশিকা, প্রজ্ঞাপন ইত্যাদি পরিমার্জন বা প্রণয়নের প্রয়োজন হলে তা সুনির্দিষ্টভাবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর উপস্থাপন করা।<br>• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের সংগে আলোচনা সাপেক্ষে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে প্রয়োজনীয় আইন, বিধি-বিধান, নির্দেশিকা, প্রজ্ঞাপন ইত্যাদি পরিমার্জন ও প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করা। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | চলমান |

# শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতির লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে বাস্তবায়ন পরিকল্পনা

শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতিতে বর্ণিত শিশুর বয়স ও আর্থ-সামাজিক অবস্থার স্তর বিবেচনায় একই ধরণের কর্মকৌশলসমূহকে দলবদ্ধ করে নিম্নবর্ণিত বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এখানে উল্লেখ্য যে বর্ণিত বিদ্যমান নীতি, আইন ও বিধি এবং কার্যক্রমসমূহ সরকারের এ সংক্রান্ত সকল অগ্রগতির পুর্নাঙ্গ তালিকা নয়। নীতি বাস্তবায়নের সংগে সংশ্লিষ্ট প্রধান বিষয়সমূহকেই এ ক্ষেত্রে বিবেচনা করা হয়েছে যা প্রতিনিয়ত পরিবর্তনশীল। দায়িত্বপ্রাপ্ত সংস্থা নির্বাচনের ক্ষেত্রেও এ ধারণা সমভাবে প্রযোজ্য। প্রকৃতপক্ষে এই নীতি বাস্তবায়নের প্রতিটি ধাপে কোন না কোনভাবে সংশ্লিষ্ট সকলের সম্পৃক্ততা রয়েছে। সুতরাং নিজ নিজ পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে যেকোন মন্ত্রণালয় বা সংস্থা বর্ণিত দায়িত্বের বাইরে যেকোন কর্মকৌশলের অধীনে কার্যক্রম গ্রহণ করতে পারবে। স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি পরিকল্পনাও এ ক্ষেত্রে আপেক্ষিক। বাস্তবায়নের কিংবা সংস্থার প্রয়োজনে তা পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধন করা যেতে পারে।

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **৮.১ গর্ভ ও প্রসবকাল** | | | | |
| **৮.১.১** গর্ভধারণের প্রস্তুতি বিষয়ে সচেতনতা সৃষ্টি<br>**৮.১.২** স্বাস্থ্য ও পরিবার কল্যাণসহ বিভিন্ন খাতে (যেমন – শিক্ষা, সমাজ কল্যাণ, যুব উন্নয়ন ইত্যাদি) বিদ্যমান, কিশোর-কিশোরী বা যুবক-যুবতীদের নিয়ে, সংগঠিত কর্মসূচিতে গর্ভধারণের প্রস্তুতি বিষয়ে অবহিতকরণের ব্যবস্থা; | জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১,<br>জাতীয় শিশু নীতি-২০১১,<br>জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১,<br>জাতীয় শিক্ষা নীতি-২০১০,<br>জাতীয় জনসংখ্যা নীতি-২০১২,<br>মুসলিম বিবাহ ও তালাক নিবন্ধন বিধিমালা সংশোধনী আইন-২০০৯,<br>হিন্দু বিবাহ নিবন্ধন আইন-২০১২, | • প্রজনন স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম<br>• পরিবার পরিকল্পনা বিষয়ক কার্যক্রম<br>• বাল্যবিবাহ রোধে কার্যক্রম<br>• মাধ্যমিক শিক্ষাক্রমে প্রজনন স্বাস্থ্য বিষয়ে পাঠ | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>• স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রমের পরিসেবা কেন্দ্র (কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ইত্যাদি) ও মাঠকর্মীদের মাধ্যমে প্রজনন স্বাস্থ্য ও গর্ভধারণের প্রস্তুতি বিষয়ে কিশোর কিশোরী, যুবক-যুবতী ও নবদম্পতিদের সচেতনতা বৃদ্ধি<br>• বিদ্যমান সরকারি-বেসরকারি কার্যক্রমের কিশোর-কিশোরী/যুবক-যুবতী ফোরামের | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>শিক্ষা মন্ত্রণালয়, সমাজ কল্যাণ |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **৮.১.৩** বিভিন্ন শিক্ষাক্রম, প্রশিক্ষণ, সেমিনার ইত্যাদিতে গর্ভধারণের প্রস্তুতি বিষয়ের অন্তর্ভুক্তি; | বাল্যবিবাহ নিরোধ আইন-২০১৩,<br>Sexual and Reproductive Health Strategy-2006,<br>Sexual and Reproductive Health Action Plan-2011-16,<br>Maternal Health Strategy,<br>Neonetal Health Strategy,<br>Infant and Young Child Feeding (IYCF) Strategy | | (যেমন গার্লস গাইড, বিএনসিসি, কিশোর-কিশোরী ক্লাব, বয়স্কাউট ইত্যাদি) মাধ্যমে গর্ভধারণের প্রস্তুতি বিষয়ে সচেতনতা সৃষ্টি<br>● ইউনিয়ন পরিষদ বিশেষ করে মহিলা সদস্যদেরকে এ কার্যক্রমে সম্পৃক্তকরণ<br>● বিবাহ রেজিষ্টারদের মাধ্যমে নবদম্পতিদের গর্ভধারণের প্রস্তুতি বিষয়ে তথ্য প্রদান<br>● গর্ভধারণের প্রস্তুতি বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য গণমাধ্যমে নিয়মিত অনুষ্ঠান আয়োজন ও প্রচারণা<br>● আইনের যথাযথ প্রয়োগের মাধ্যমে বাল্যবিবাহ ও অপ্রাপ্তবয়সে গর্ভধারণ রোধ<br><br>**মধ্য মেয়াদি কার্যক্রম**<br>● কারিগরি শিক্ষাসহ সকল ধারার মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও উচ্চ শিক্ষার শিক্ষাক্রমে গর্ভধারণের প্রস্তুতি বিষয় অন্তর্ভুক্তি;<br>● সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়ের কর্মীদের বিদ্যমান বিভিন্ন প্রশিক্ষণ মডিউলে | মন্ত্রণালয়,<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,<br>তথ্য মন্ত্রণালয়,<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ,<br>পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়,<br>আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,<br>সংশ্লিষ্ট বেসরকারি সংস্থাসমূহ |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | গর্ভধারণের প্রস্তুতির বিষয় অন্তর্ভুক্তি;<br>• "গর্ভধারণের প্রস্তুতি বিষয়ে গণসচেতনতা সৃষ্টি" সপ্তাহ উদযাপন<br>**দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>• স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা পরিসেবা কেন্দ্রে কিশোর-কিশোরী কাউন্সেলর নিয়োগ<br>• প্রাক-বিবাহ ওরিয়েন্টেশন চালু | |
| **৮.১.৪** প্রসবপূর্ব, প্রসবকালীন ও প্রসব-পরবর্তী বিদ্যমান কর্মসূচির পরিধি ও মান বাড়ানো;<br>**৮.১.৫** প্রসবপূর্ব, প্রসবকালীন ও প্রসব-পরবর্তী জটিলতা দ্রুত শনাক্তকরণ এবং জরুরি প্রসূতি সেবাসহ (EOC) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুযোগ সৃষ্টি;<br>**৮.১.৬** প্রসবপূর্ব ও প্রসব-পরবর্তী মায়ের পুষ্টি ও অণুপুষ্টির (Micronutrient) চাহিদা পূরণের ব্যবস্থা গ্রহণ; | জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১, জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১, জাতীয় শিশু নীতি-২০১১, জাতীয় পুষ্টি নীতি-২০১৫, পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও সুরক্ষা আইন (২০১০) ও বিধিমালা (২০১৩), Maternal Health Strategy, Neonetal Health Strategy, Infant and Young Child Feeding (IYCF) Strategy | • প্রসবপূর্ব, প্রসবকালীন ও প্রসব-পরবর্তী সেবা প্রদান (চেকআপ, টিটি টিকা প্রদান, মায়ের পুষ্টি ও অণুপুষ্টির (Micronutrient) চাহিদা পূরণের জন্য আয়রন-ফলিক এসিড ও ক্যালশিয়াম ট্যাবলেট খাওয়ানো, পুষ্টি পরামর্শ, প্রসব-পরবর্তী সময়ে ভিটামিন-এ (২ লক্ষ | **স্বল্পমেয়াদি কার্যক্রম**<br>• বিদ্যমান কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নুন্যতম মানের সেবা প্রদানের জন্য জনবল, সরঞ্জামাদি ও ঔষধ সরবরাহ নিশ্চিত করা<br>• নুন্যতম স্বাস্থ্যসেবার বাইরে থাকা জনগোষ্ঠিকে কমিউনিটি ক্লিনিকের প্রসারের মাধ্যমে সেবার আওতায় আনা<br>• সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রাথমিক ই ও সি সেবা প্রদানের জন্য জনবল, সরঞ্জামাদি ও ঔষধ সরবরাহ নিশ্চিত করা<br>• সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বেসিক ই ও সি সেবা প্রদানের | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **৮.১.৮** সকল প্রকার কুসংস্কার, অপ-চিকিৎসা এবং পারিবারিক নির্যাতন রোধে কার্যকর সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়ন ও নিরাপদ পারিবারিক ও সামাজিক পরিবেশ তৈরি;<br>**৮.১.৯** শিশুর যত্ন, বৃদ্ধি, বিকাশ, স্বাস্থ্য, পুষ্টি ও বেড়ে-ওঠা সংক্রান্ত শিশু লালন-পালন কার্যক্রমের (Parenting) প্রসার ঘটানো;<br>**৮.১.১১** মা ও শিশুর বেঁচে থাকা নিশ্চিত করার পাশাপাশি সুরক্ষা ও বিকাশের যথাযথ সুযোগ সৃষ্টির জন্য এ সংক্রান্ত কর্মসূচি গ্রহণ ও বিদ্যমান কর্মসূচিতে পারস্পরিক সংযোগের মাধ্যমে সমন্বিত সেবা প্রদানের সুযোগ সৃষ্টি; | | আই ইউ) প্রদান ইত্যাদি<br>• জরুরি প্রসূতি সেবা (Emergency Obstetric Care - EOC)<br>• Maternal, Neonatal, and Child Health and Nutrition (MNCHN) কর্মসুচি<br>• প্রজনন স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম<br>• জাতীয় পুষ্টিসেবা কার্যক্রম<br>• শিশু ও মাতৃ মৃত্যু রোধে কর্মসুচি<br>• গর্ভবতী মহিলাদের পুষ্টি চাহিদা পূরণ করা, সচেতনতা বৃদ্ধি এবং সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে নারীবান্ধব কাঠামো তৈরি করা<br>• প্রসবপূর্ব ও প্রসব- | জন্য জনবল, সরঞ্জামাদি ও ঔষধ সরবরাহ নিশ্চিত করা<br>• সকল জেলা হাসপাতাল এবং এমসি ডব্লিওসিতে সামষ্টিক ই ও সি সেবা প্রদানের জন্য জনবল, সরঞ্জামাদি ও ঔষধ সরবরাহ নিশ্চিত করা<br>• বিদ্যমান কর্মসুচিতে নিম্নবর্ণীত কার্যক্রমসমুহ অন্তর্ভুক্তকরণ ও কার্যকর বাস্তবায়ন নিশ্চিতকরণ<br>○ মায়ের পুষ্টি ও অনুপুষ্টি<br>○ পর্যাপ্ত বিশ্রাম<br>○ মায়ের মানসিক প্রশান্তি<br>○ মায়ের ব্যক্তিগত পরিছন্নতা<br>○ গর্ভবস্থা থেকে শিশুর সংগে নিয়মিত উদ্দীপনামূলক যত্ন নেয়া যেমন; স্পর্শ করা, কথা বলা ইত্যাদি)<br>• গর্ভকালীন পর্যাপ্ত ওজন বৃদ্ধির জন্য গর্ভকালে যথাযথ পুষ্টিসমৃদ্ধ খাবার গ্রহণে মায়েদের উদ্বুদ্ধ করা, পূর্ণ গর্ভকাল এবং দুগ্ধদান করার সময়ে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুপুষ্টি-কণা বিশেষত আয়রন-ফলিক অ্যাসিড গ্রহণ নিশ্চিত করা, গর্ভকালে কায়িক শ্রম কমানো ও যথাযথ বিশ্রাম | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | পরবর্তী সময়ে মায়ের খাদ্য, পুষ্টি ও মায়ের দুধদান (Breast Feeding) সংক্রান্ত কাউন্সেলিং<br>• শিশুর জন্মের পর হতে প্রথম ৬ মাস শুধুমাত্র মায়ের দুধ ও ৬ মাস পর হতে ২ বছর বয়স পর্যন্ত মায়ের দুধের পাশাপাশি সঠিক পরিমানে বাড়তি পারিবারিক সম্পূরক খাবার প্রদানে কাউন্সেলিং<br>• শিশুর জন্মের পর ১২ মাস বয়সের মধ্যে সকল টিকা প্রদান নিশ্চতকরণ<br>• মাতৃত্বকালীন ছুটি<br>• নারীর প্রতি সহিংসতা রোধে কার্যক্রম | নিশ্চিত করা, গর্ভকালে তামাকজাত দ্রব্য গ্রহণ ও ধূমপান নিরোধে আচরণগত পরিবর্তন সাধন করা।<br>• জাতীয় পুষ্টিসেবা কার্যক্রম কেন্দ্রে কিশোর-কিশোরী কাউন্সেলর নিয়োগ<br>• কিশোরীদের প্রজনন স্বাস্থ্য বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন<br>• কুসংস্কার, অপ-চিকিৎসা এবং পারিবারিক নির্যাতন রোধে বিদ্যমান কর্মসুচির আওতায় সচেতনতা সৃষ্টি কার্যক্রম গ্রহণ<br>• প্রসবপূর্ব, প্রসবকালীন ও প্রসব-পরবর্তী সেবা প্যাকেজে শিশুর স্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত সেবা জোড়দার করার পাশাপাশি, শিশুর বিকাশ সংক্রান্ত কার্যক্রম অন্তর্ভুক্তকরণ এবং তার যথাযথ বাস্তবায়ন<br>• সেবা প্যাকেজে পরিবারের অন্যান্য সদস্যদের সম্পৃক্ত করার পাশাপাশি বাবার অংশগ্রহণকে বিশেষ গুরুত্ব প্রদান<br>• ওয়েববেইজড মনিটরিং শক্তিশালীকরণ<br>• সরকারি বিভিন্ন সেবা প্রদানকারি সংস্থাসহ বেসরকারি সংস্থাসমুহের এ সংক্রান্ত কার্যক্রমের মধ্যে সমন্বয় কৌশল প্রনয়ন ও বাস্তবায়ন | |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | **মধ্য মেয়াদি কার্যক্রম**<br>● দুর্গম এলাকা ও সেবা বহির্ভূত জনগোষ্ঠি বিবেচনা সাপেক্ষে নির্বাচিত কমিউনিটি ক্লিনিকে প্রসব সেবা চালু<br>● দুর্গম এলাকা ও সেবা বহির্ভূত জনগোষ্ঠি বিবেচনা সাপেক্ষে নির্বাচিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বেসিক ই ও সি সেবা চালু<br>● দুর্গম এলাকা ও সেবা বহির্ভূত জনগোষ্ঠি বিবেচনা সাপেক্ষে নির্বাচিত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সামষ্টিক ইওসি সেবা চালু<br><br>**দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● প্রসবপূর্ব, প্রসবকালীন ও প্রসব-পরবর্তী সেবা কাঠামোর জনবল বৃদ্ধিসহ আধুনিক সরঞ্জামাদি সরবরাহ এবং প্রাতিষ্ঠানিক অবকাঠামো তৈরি | |
| **৮.১.৭** ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সংখ্যালঘু, সুবিধাবঞ্চিত ও ঝুঁকিগ্রস্ত মা ও শিশুদের সেবার বিশেষ উদ্যোগ গ্রহণ; | জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১,<br>জাতীয় শিশু নীতি-২০১১,<br>শিশু আইন-২০১৩,<br>জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১, | প্রসবপূর্ব, প্রসবকালীন ও প্রসব-পরবর্তী সেবা সংক্রান্ত সরকারের নিয়মিত কর্মসুচিতে বিশেষ উদ্যোগের | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সংখ্যালঘু, সুবিধাবঞ্চিত ও ঝুঁকিগ্রস্ত মায়েদের সনাক্তকরণের জন্য ম্যাপিং করা<br>● মানচিত্রায়নের (ম্যাপিং) ফলাফল | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | জাতীয় পুষ্টি নীতি-২০১৫ | পাশাপাশি<br>• সরকারের নিরাপত্তা বেষ্টনি কর্মসূচির আওতায় দরিদ্র গর্ভবতী মায়েদের জন্য খাদ্য ও অর্থ সহায়তা প্রদান<br>• ভিজিডি, ভিজিএফ সহায়তা<br><br>এছাড়া বেসরকারি সংস্থা কর্তৃক গৃহিত বিশেষ কার্যক্রম | অনুযায়ি অগ্রাধিকার ভিত্তিতে দুস্থ ও দরিদ্র গর্ভবতী মায়েদের বিশেষ ভাতা প্রদান কার্যক্রমের আওতা বাড়ানো<br>• বিদ্যমান কর্মসূচিতে সংশ্লিষ্ট দল বা গোষ্ঠির সাংস্কৃতিক সংবেদনশীলতা বিবেচনায় নিম্নবর্ণীত কার্যক্রমসমুহ অন্তর্ভুক্তকরণ ও কার্যকর বাস্তবায়ন নিশ্চিতকরণ<br>○ মায়ের পুষ্টি ও বিশ্রাম<br>○ মায়ের মানসিক প্রশান্তি<br>○ মায়ের ব্যক্তিগত পরিছন্নতা<br>○ গর্ভবস্থা থেকে শিশুর সংগে নিয়মিত উদ্দীপনামূলক যত্ন নেয়া যেমন; স্পর্শ করা, কথা বলা ইত্যাদি)<br>○ শিশুর জন্য নির্ধারিত স্থানটি যেন আলো বাতাসপূর্ণ ও শিশু বান্ধব হয় তা নিশ্চিত করা<br>• শিশুর প্রারম্ভিক যত্নের বিকাশ সম্পর্কে প্রচারাভিযান পরিচালনা করা<br><br>**মধ্য মেয়াদি কার্যক্রম**<br>সরকারি-বেসরকারি সংস্থার সমন্বিত পরিকল্পনার মাধ্যমে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সংখ্যালঘু, সুবিধাবঞ্চিত ও ঝুঁকিগ্রস্ত মা ও শিশুদের সেবার জন্য বিশেষ প্রকল্প/ কর্মসূচি গ্রহণ | **সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | **দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>দুর্গমতা ও সেবা বহির্ভূত জনগোষ্ঠি বিবেচনা সাপেক্ষে বিশেষ সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় জনবল ও সুবিধাদিসহ অবকাঠামো নির্মাণ | |
| **৮.১.১০** সরকারি-বেসরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় ও পরিপূরক সহায়তার সুযোগ সৃষ্টি; | জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১,<br>জাতীয় শিশু নীতি-২০১১,<br>জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১,<br>এইচ এন পি এস ডি পি-২০১১-১৬ | সারাদেশে সরকারি বেসরকারি উদ্যোগে পরিচালিত নানাবিধ কার্যক্রম চালু আছে | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>• প্রসবপূর্ব, প্রসবকালীন ও প্রসব-পরবর্তী সেবা প্রদানে সরকারি-বেসরকারি ও ব্যক্তিমালিকানাধীন সেবা প্রদানকারীদের মধ্যে সমন্বয়ের জন্য সহযোগিতা কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন<br><br>**মধ্য মেয়াদি কার্যক্রম**<br>• স্বাস্থ্য পুষ্টি ও জনসংখ্যা সেক্টর কর্মসুচিতে বেসরকারি ও ব্যক্তিমালিকানাধীন সেবা প্রদানকারী সংস্থাসমূহের অংশীদারিত্ব বাড়ানো | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংশ্লিষ্ট বেসরকারি সংস্থাসমূহ |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **শিশুর বয়স জন্ম থেকে ৩ বছর** | | | | |
| **৮.২.১** সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিতকরণ; | জাতীয় শিশু নীতি- ২০১১, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন-২০০৪ | • শিশুর জন্ম নিবন্ধন কার্যক্রম<br>• জাতীয় ইপিআই কার্যক্রম | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>• সকল শিশুর জন্ম নিবন্ধন ও সনদ প্রদান নিশ্চিতকরণ<br>• সুবিধাবঞ্চিত শিশুদের জন্ম নিবন্ধন ও সনদ প্রদানের বিশেষ উদ্যোগ গ্রহণ<br>• জন্ম নিবন্ধনের প্রয়োজনীয়তা ও উপকারিতা বিষয়ে প্রচারণাসহ শিশুর প্রারম্ভিক বিকাশ বিষয়ক কর্মসূচির সংগে এর কার্যকর সংযুক্তি<br><br>**মধ্য মেয়াদি কার্যক্রম**<br>সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক (সি আর ভি এস) বাস্তবায়ন | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>স্থানীয় সরকার বিভাগ,<br>মন্ত্রী পরিষদ বিভাগ<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয় ও<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **৮.২.২** শিশুর মৌলিক চাহিদা (স্বাস্থ্য, পুষ্টি, সুরক্ষা, বৃদ্ধি ও বিকাশ) পূরণের লক্ষ্যে সমন্বিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;<br>**৮.২.৩** শিশুদের বিদ্যমান সেবা ও সেবা-প্রদান কাঠামো পুনর্মূল্যায়নের মাধ্যমে সমন্বিত সেবা ও সেবা-প্রদান কাঠামো তৈরি;<br>**৮.২.৪** মৌলিক চাহিদাভিত্তিক সমন্বিত সেবার গুণগত মান উন্নয়ন এবং ক্রমান্বয়ে দেশের সকল শিশুকে সেবার আওতায় আনা<br>**৮.২.৮** যথাযথ সেবার জন্য সুনির্দিষ্ট স্থানে/প্রতিষ্ঠানে পাঠানোর ব্যবস্থা (Referral) চালু<br>**৮.২.২০** সমন্বিত কেন্দ্রভিত্তিক সেবা-প্রদান কার্যক্রম চালু<br>**৮.২.২১** সকল শিশুর জন্য | জাতীয় শিশু নীতি-২০১১,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১,<br>জাতীয় পুষ্টি নীতি-২০১৫,<br>মাতৃদুগ্ধ বিকল্প খাদ্য নিয়ন্ত্রন আইন-২০১৩,<br>Infant and Young Child Feeding (IYCF) Strategy | ● সমন্বিত স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (Health, Population and Nutrition Sector Development Program-HPNSDP),<br>● জাতীয় পুষ্টিসেবা কার্যক্রম (National Nutrition Services),<br>● অসুস্থ শিশুর সমন্বিত চিকিৎসা সেবা (Integrated Management of Childhood Illness -IMCI)<br>● এনএনএস ও আইএমসিআই এর সমন্বয়ে জেলা এবং উপজেলা হাসপাতালে পুষ্টি কর্নার স্থাপন ও | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● জন্ম থেকে ৩ বছর বয়স পর্যন্ত শিশুর সার্বিক ও সমন্বিত উন্নয়ন (স্বাস্থ্য,WASH, পুষ্টি, সুরক্ষা, বৃদ্ধি ও বিকাশ) নিশ্চিত করতে সকল সেবা প্রদানকারী মন্ত্রণালয় ও সংস্থাকে সম্পৃক্ত করে অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ (০-৩) উন্নয়ন<br>● অত্যাবশ্যকীয় সমন্বিত সেবা প্যাকেজ বাস্তবায়নের জন্য বিদ্যমান অবকাঠামো ব্যবহার করে সকল সেবা প্রদানকারী মন্ত্রণালয় ও সংস্থা কর্তৃক তাদের দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ করে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি কর্ম পরিকল্পনা প্রণয়ন<br>● স্বল্প মেয়াদি কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাসমূহের অর্থ বরাদ্দ এবং বাস্তবায়ন সমন্বয়<br>● অত্যাবশ্যকীয় সমন্বিত সেবা প্যাকেজ বাস্তবায়নের গুনগতমান নিশ্চিত করতে সমন্বিত পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা<br>● বাংলাদেশের প্রেক্ষাপটে পুষ্টি গবেষণা কার্যক্রম জোরদার করা প্রয়োজন, যেন নীতি নির্ধারকগণ পুষ্টি কার্যক্রম ও | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| চাহিদা মোতাবেক স্বাস্থ্য, পুষ্টি, বিকাশ ও সুরক্ষা বলয় তৈরি | | পরিচালনা<br>● মেডিকেল কলেজ সহ জেলা এবং উপজেলা হাসপাতালে মারাত্মক অপুষ্টিতে আক্রান্ত (স্যাম) শিশুদের চিকিৎসা প্রদান<br>● কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র সহ সকল উপরিস্তরের হাসপাতালে শিশুর জন্য ওজন, উচ্চতা বৃদ্ধি পরিবীক্ষণ (জিএমপি)<br>● দেশের সকল মেডিকেল কলেজ, জেলা হাসপাতালে শিশু বান্ধব (ব্রেস্ট ফিডিং কর্নার সহ) কার্যক্রম চালু | কৌশল সম্পর্কে অবগত থাকতে পারেন ও সেই অনুযায়ী সিদ্ধান্ত নিতে পারেন; এ ছাড়া প্রায়োগিক গবেষণার মাধ্যমে পুষ্টি কার্যক্রম আরও নিখুঁত করার চেষ্টা করা।<br>● দেশের পুষ্টি পরিস্থিতি বিশ্লেষণ এবং পুষ্টি পরিস্থিতি উন্নয়নে বহু খাতভিত্তিক পুষ্টি কার্যক্রম বাস্তবায়নে ও কার্যকর সমন্বয়ের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে জাতীয় পুষ্টি পরিস্থিতিকে জোরদার করা।<br><br>**মধ্য মেয়াদি কার্যক্রম**<br>● স্বল্পমেয়াদি কর্ম পরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা করে ক্রমান্বয়ে সকল শিশুকে এই সেবা প্যাকেজের আওতায় আনার জন্য মধ্য মেয়াদি কর্ম পরিকল্পনা পুনর্গঠন, অর্থ বরাদ্দ এবং বাস্তবায়ন<br>● সুবিধাবঞ্চিত ও প্রতিবন্ধী শিশুদের জন্য বিশেষ ব্যবস্থায় সমন্বিত সেবা সুরক্ষাবলয় তৈরি<br>● অত্যাবশ্যকীয় সমন্বিত সেবা প্যাকেজ বাস্তবায়নের গুনগত মান নিশ্চিত করতে সমন্বিত পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা | |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | **দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● সকল শিশুর জন্য সমন্বিত অত্যাবশ্যকীয় সেবা প্রদানে কার্যকর প্রাতিষ্ঠানিক অবকাঠামো স্থাপন | |
| **৮.২.৫** শিশুর প্রারম্ভিক শিখন ও উদ্দীপনা (Early learning and stimulation) সৃষ্টিমূলক কার্যক্রম গ্রহণ; | জাতীয় শিশু নীতি- ২০১১,<br>শিশু আইন-২০১৩,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১,<br>জাতীয় শিক্ষা নীতি-২০১০ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মাঠকর্মীদের বেসিক ও রিফ্রেশার্স প্রশিক্ষণে ইসিডি মডিউল, নার্সিং ও মেডিকেল শিক্ষাক্রমে ইসিডি মডিউল, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক কর্মজীবি মায়েদের শিশুর জন্য Day Care Center, বেসরকারি উদ্যোগে কর্মজীবি মায়েদের শিশুর জন্য Parenting, Day Care Center,<br>বর্তমানে ১৫টি মেডিক্যাল কলেজে শিশু বিকাশ কেন্দ্র চালু করা হয়েছে (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়) | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজে (০-৩) শিশুর প্রারম্ভিক শিখন ও উদ্দীপনা সৃষ্টিমূলক কার্যক্রম অন্তর্ভুক্তকরণ<br>● অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ (০-৩) এর আলোকে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মাঠকর্মীদের বেসিক ও রিফ্রেশার্স প্রশিক্ষণে ইসিডি মডিউল এবং নার্সিং ও মেডিকেল শিক্ষাক্রমের ইসিডি মডিউল পর্যালোচনা ও পুনর্গঠন<br>● শিশুর প্রারম্ভিক শিখন ও উদ্দীপনা বিষয়ক সার্বিক ও সর্বাত্মক পরিবারের ক্ষমতায়ন কর্মসূচি (ক্রাশ প্রোগ্রাম) প্রণয়ন ও বাস্তবায়ন<br>● বিদ্যমান অবকাঠামো ব্যবহার করে শিশুর প্রারম্ভিক শিখন ও উদ্দীপনা সৃষ্টিমূলক কার্যক্রম শুরু (ব্রেস্ট ফিডিং কর্নার, ডে কেয়ার, প্লে কর্নার, শিশু বান্ধব কর্নার ইত্যাদি) | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,<br>তথ্য মন্ত্রণালয়,<br>সমাজ কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | • গণমাধ্যম ব্যবহার করে ব্যাপক গণসচেতনতা তৈরি<br>• পরিবার ও শিশুদের জন্য বয়স ও বিকাশের ধাপ অনুযায়ি গণমাধ্যমে অনুষ্ঠান তৈরি ও প্রচার<br>• পরিবার ও শিশুদের জন্য বয়স ও বিকাশের ধাপ অনুযায়ি বই প্রণয়ন ও প্রকাশ<br>**মধ্য মেয়াদি কার্যক্রম**<br>• শিশুর প্রারম্ভিক শিখন ও উদ্দীপনা সৃষ্টিমূলক কার্যক্রমের জন্য প্রাতিষ্ঠানিক অবকাঠামো ও সুযোগ সৃষ্টি (ব্রেস্ট ফিডিং কর্নার, ডে কেয়ার, প্লে কর্নার, শিশু বান্ধব কর্নার ইত্যাদি)<br>• শিশুর প্রারম্ভিক শিখন ও উদ্দীপনা বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি<br>**দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>• সকল শিশুর প্রারম্ভিক শিখন ও উদ্দীপনা সৃষ্টিমূলক কার্যক্রমের জন্য সৃষ্ট প্রাতিষ্ঠানিক অবকাঠামো (ব্রেস্ট ফিডিং কর্নার, ডে কেয়ার, প্লে কর্নার, শিশু বান্ধব কর্নার ইত্যাদি) সেবার আওতায় আনা | |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **৮.২.৬** স্বাস্থ্য, পুষ্টি, সুরক্ষা, বৃদ্ধি ও বিকাশ সংক্রান্ত সকল ধরনের সেবা-কার্যক্রমে পরিবার ও জনসমাজের সম্পৃক্ততা এবং সেই সঙ্গে তাঁদের ক্ষমতায়ন করা;<br>**৮.২.১৩** পরিবার, জনসমাজ,গ্রাম, ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগ, সর্বোপরি সারা দেশে সংবেদনশীল শিশু-বান্ধব পরিবেশ তৈরি | জাতীয় শিশু নীতি- ২০১১,<br>শিশু আইন-২০১৩,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১,<br>জাতীয় স্বাস্থ্য নীতি-২০১১,<br>জাতীয় খাদ্য নীতি-২০০৬,<br>জাতীয় পুষ্টি নীতি-২০১৫ | • সমন্বিত স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (HPNSDP),<br>• জাতীয় পুষ্টিসেবা কার্যক্রম (National Nutrition Services)<br>• পুষ্টি সংক্রান্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত অন্যান্য মন্ত্রণালয়/অধিদপ্তর/ বিভাগ এর সমন্বয় সাধন ।<br>• কমিউনিটি গ্রুপ ও কমিউনিটি সাপোর্ট গ্রুপের মাধ্যমে সমাজের সম্পৃক্ততা নিশ্চিতকরণ ।<br>• বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে স্বাস্থ্য ও পুষ্টি | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>• অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ (০-৩ বছর) (স্বাস্থ্য, পুষ্টি, সুরক্ষা, বৃদ্ধি ও বিকাশ সংক্রান্ত সকল ধরণের সেবা) বাস্তবায়নে পরিবার ও জনসমাজের ক্ষমতায়নকে মূল কৌশল হিসেবে নেয়া<br>• সেবা প্রদান কাঠামো বিকেন্দ্রীকরণের মাধ্যমে পরিবার ও কমিউনিটির সম্পৃক্ততা নিশ্চিত করা এবং স্থানীয় ও জাতীয় সরকার কাঠামোর সংগে অর্থপূর্ণ সংযুক্তি প্রতিষ্ঠা<br>• অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ (০-৩ বছর) সম্পর্কে ব্যাপক প্রচারণার মাধ্যমে পরিবার ও জনসমাজকে সচেতন করা<br>• শিশুকে সেবা দানের সংগে সংশ্লিষ্ট সকল পর্যায়ের সরকারি বেসরকারি পরিসেবা কেন্দ্র শিশু বান্ধব করা<br>• শিশুর শারীরিক ও মানসিক বিকাশের জন্য পরিবার ও সমাজের মাধ্যমে যত্ন নিশ্চিত করা এবং শিশু বিকাশে সহায়ক পরিবেশ নিশ্চিত করতে উদ্বুদ্ধ করা ।<br>• পুষ্টি নিশ্চিত করার বহু খাতভিত্তিক কার্যক্রম জোরদার করা এবং সংশ্লিষ্ট | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>তথ্য মন্ত্রণালয়,<br>স্থানীয় সরকার বিভাগ |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | সেবা প্রদান জোরদার করণ। | সকল খাতের মধ্যে সমন্বয় বৃদ্ধি করা।<br><br>**মধ্য মেয়াদি কার্যক্রম**<br>● সংশ্লিষ্ট স্থানীয় সরকার কাঠামোর অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ বাস্তবায়নে অবকাঠামোগত উন্নয়ন এবং জনসম্পদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি<br>● অত্যাবশ্যকীয় সেবা প্রদানে পরিবারের সকল সদস্যদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি<br><br>**দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● পরিবার, জনসমাজ এবং স্থানীয় সরকার কাঠামোর মাধ্যমে সকল শিশুকে সেবার আওতায় আনা | |
| **৮.২.৭** সেবা-প্রদানকারী সরকারি-বেসরকারি সংস্থাসমূহের মধ্যে কার্যকর সমন্বয় ও সহযোগিতার ব্যবস্থা গ্রহণ | জাতীয় শিশু নীতি- ২০১১,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি- ২০১১,<br>এনজিও বিষয়ক নীতিমালা | সারাদেশে সরকারি ও বেসরকারি উদ্যোগে নানাবিধ কার্যক্রম চলছে | **স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● বেসরকারি ও ব্যক্তিখাত এর অংশগ্রহণ ও সম্পৃক্ততাসহ সরকারি-বেসরকারি সংস্থাসমুহের মাঝে কার্যকর সমন্বয় ও সহযোগিতার জন্য সুনির্দিষ্ট নির্দেশনা প্রণয়ন<br>● অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ উন্নয়ন ও বাস্তবায়নে বেসরকারি ও কারিগরি সংস্থাসমুহের অংশগ্রহণ নিশ্চিত করা | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সমাজ |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | • সরকারি, বেসরকারি, ব্যক্তিমালিকানাধীন ও কারিগরি সংস্থার অংশগ্রহণে সমন্বিত সেবা বাস্তবায়ন কর্ম পরিকল্পনা প্রণয়ন ও অর্থায়ন<br>• সমন্বিত পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা স্থাপন | কল্যাণ মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, এনজিও বিষয়ক ব্যুরো |
| **৮.২.৯** স্বাস্থ্য ও বিকাশগত পরিবীক্ষণ (Monitoring) ব্যবস্থা চালু;<br>**৮.১.১২** বৃদ্ধি ও বিকাশ পরিবীক্ষণের সমন্বিত পদ্ধতির সূচনা ঘটানো | জাতীয় শিশু নীতি- ২০১১, জাতীয় স্বাস্থ্য নীতি- ২০১১, জাতীয় নারী উন্নয়ন নীতি- ২০১১ | Management Information System (MIS) এর সাথে National Information System (NIS) এর সম্পর্ক তৈরি<br>Directorate General of Health Services (DGHS) এর কার্যক্রম | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>• শিশুর সার্বিক উন্নয়ন পরিবীক্ষণে অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ বিবেচনায় সমিষ্টিক সুচক নির্ধারণ<br>• সামষ্টিক সুচক বিবেচনায় একটি সমন্বিত পরিবীক্ষণ ব্যবস্থা উন্নয়ন ও স্থাপন<br><br>**মধ্য মেয়াদি কার্যক্রম**<br>• নিয়মিত পরিবীক্ষণ, অনুসারক (ফলোআপ) এবং অব্যাহত প্রতিবেদন তৈরি<br><br>**দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>• সামষ্টিক সুচক বিবেচনায় নির্দিষ্ট সময়ান্তে জাতীয় প্রতিবেদন তৈরি ও পরবর্তি পরিকল্পনায় তার প্রতিফলন | **মূল মন্ত্রণালয় ও বিভাগ**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়, বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **৮.২.১১** শিশুর বৃদ্ধি ও বিকাশের প্রত্যাশিত মান নিরূপণ (Developmental Assessment) করে এ সংক্রান্ত সেবার সুযোগ সৃষ্টি; | জাতীয় শিশু নীতি-২০১১, শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিক মান - ইএলডিএস | | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>• শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিক মান এর (ইএলডিএস) যথার্থতা (Validation) নিরূপণ ও চূড়ান্তকরণ<br>• জাতীয়ভাবে আদর্শিক মানের অগ্রগতি যাচাইয়ের জন্য টুলকীট প্রণয়ন<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>• জাতীয়ভাবে আদর্শিক মানের একটি বেইজলাইন তৈরি এবং নির্ধারিত সময় পর পর তার অগ্রগতি পরিমাপ ও পর্যালোচনা<br>• অগ্রগতি এবং অবস্থা পর্যালোচনা করে সেবার মান ও অগ্রাধিকার নির্ধারণ এবং অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ বাস্তবায়নে যথাযথ ইনপুট প্রদান | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| **৮.২.১৪** তথ্য প্রযুক্তির ব্যবহার, জলবায়ু পরিবর্তনসহ সম্ভাব্য বিপর্যয় ও চ্যালেঞ্জ মোকাবেলায় নীতি প্রণয়নের পর্যায় থেকে সেবা প্রদান পর্যায় পর্যন্ত সমন্বিত ও যথাযথ উদ্যোগ | জাতীয় শিশু নীতি-২০১১, জাতীয় স্বাস্থ্য নীতি-২০১১ | | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>• একবিংশ শতাব্দির চ্যালেঞ্জ মোকাবেলায় জন্ম থেকে তিন বছর বয়সী শিশুদের অত্যাবশ্যকীয় সেবা প্রদানে সম্ভাব্য বাধা ও সম্ভাবনাসমুহ সনাক্তকরণ ও পর্যালোচনা<br>• সেবা কার্যক্রম তথ্য প্রযুক্তিনির্ভর করা | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা** |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| গ্রহণ;<br>**৮.২.১৫** পরিবর্তিত সামাজিক প্রেক্ষাপটে প্রয়োজনীয় নতুন সেবা-কার্যক্রম চালু<br>**৮.২.১৬** সেবা এবং এর ফলাফলের স্থায়িত্বের জন্য জীবন-জীবিকানির্ভর কার্যক্রমের সঙ্গে সম্পৃক্তি;<br>**৮.২.১৯** স্থানীয় সংস্কৃতি, ঐতিহ্য ও আচারের উপর ভিত্তি করে বিকল্প ও উদ্ভাবনামূলক উদ্যোগগ্রহণ | | | **মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● পরিবর্তিত প্রেক্ষাপট বিবেচনায় উদ্ভাবনী ও সৃজনশীল উদ্যোগ/কার্যক্রম উন্নয়ন, গ্রহণ ও পরীক্ষণ<br>● সেবা কার্যক্রম তথ্য প্রযুক্তিনির্ভর করা<br>● কার্যক্রমের স্থায়িত্ব নিশ্চিত করতে জীবন, জীবিকা, জলবায়ু ও জনসংস্কৃতি বিবেচনা করা এবং এ সংক্রান্ত সচেতনতা তৈরি | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বন ও পরিবেশ মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| **৮.২.১৭** সামাজিক অবকাঠামো ও আন্দোলন গড়ে তোলা;<br>**৮.২.১৮** দক্ষ জনশক্তি ও স্বেচ্ছাসেবী দল গড়ে তোলা | জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০,<br>জাতীয় শ্রম নীতি ২০১২ | | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● সকল সেবা প্রদানকারী মন্ত্রণালয় ও সংস্থা কর্তৃক সমন্বিতভাবে সচেতনতা সৃষ্টির জন্য সামাজিক উদ্বুদ্ধকরণ কৌশল প্রণয়ন<br>● সমন্বিতভাবে বিদ্যমান অবকাঠামো ব্যবহার করে সচেতনতামূলক প্রচারাভিযান (ক্যাম্পেইন) পরিচালনা<br>● শিশু শ্রমের ক্ষতিকর প্রভাব সম্পর্কে | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | পিতা-মাতা, সাধারণ জনগণ ও সুশীল সমাজের জন্য সচেতনতা বৃদ্ধি করা<br>● শ্রমজীবী শিশুদের দারিদ্রের চক্র থেকে বের করে আনার লক্ষ্যে তাদের পিতা-মাতার আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করা<br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● সরকারের সংশ্লিষ্ট জনবলের জন্য দক্ষতা বৃদ্ধি বিষয়ক সমন্বিত উদ্যোগগ্রহণ<br>● বেসরকারি ও ব্যক্তিখাতের সহায়তায় স্বেচ্ছাসেবী দল গড়ে তোলা এবং তাদের দক্ষতা বৃদ্ধির উদ্যোগগ্রহণ | সমাজ কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সংশ্লিষ্ট বেসরকারি সংস্থাসমূহ |
| **শিশুর ৩ বছর থেকে <৬ বছর** | | | | |
| **৮.৩.১** বয়সভিত্তিক অত্যাবশ্যকীয় সেবাসমূহ পর্যালোচনা ও সমন্বয় সাধন<br>**৮.৩.২** প্রেক্ষাপট বিবেচনায় সেবাসমূহের মানোন্নয়নসহ প্রয়োজনীয় নতুন মাত্রার সেবা প্রদান<br>**৮.৩.৩** সকল শিশুর জন্য সমন্বিত সেবা নিশ্চিতকরণ<br>**৮.৩.৪** জনসমাজভিত্তিক | জাতীয় শিশু নীতি-২০১১, জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১, জাতীয় স্বাস্থ্য নীতি-২০১১, জাতীয় পুষ্টি নীতি-২০১৫, জাতীয় শিক্ষা নীতি-২০১০ | সমন্বিত স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (HPNSDP), জাতীয় পুষ্টিসেবা কার্যক্রম (National Nutrition Services), প্রাক-প্রাথমিক শিক্ষা, বিনা মুল্যে প্রাথমিক শিক্ষা, ইপিআই কর্মসূচি, | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● শিশুর সার্বিক ও সমন্বিত বৃদ্ধি, বিকাশ ও শিক্ষা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট নীতি, কৌশল ও পরিকল্পনা পর্যালোচনা করে ৩-৬ বছর বয়সী শিশুদের জন্য নুন্যতম সেবা নির্ধারণ<br>● বিদ্যমান সেবা অবকাঠামো বিবেচনা করে এ সংক্রান্ত সফল কর্মসুচিসমুহ বিবেচনা করে জনসমাজভিত্তিক সংস্কৃতিগতভাবে সংবেদনশীল সেবা কাঠামো তৈরি | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| এবং কেন্দ্রভিত্তিক সমন্বিত সেবা কেন্দ্র চালু<br>**৮.৩.৫** সংশ্লিষ্ট নীতি ও পরিকল্পনা পর্যালোচনা এবং সে-অনুযায়ী উদ্যোগ গ্রহণ<br>**৮.৩.১৩** বিদ্যমান সেবা-কাঠামোকে ব্যবহার করে পরিপূর্ণ সেবা-প্রদান কার্যক্রম গ্রহণ<br>**৮.৩.১৪** শিক্ষা, স্বাস্থ্য ও সুরক্ষার কার্যকর বলয় তৈরি<br>**৮.৩.১৫** সকল পর্যায়ে শিশু-বান্ধব পরিবেশ তৈরি;<br>**৮.৩.১৬** সকল পর্যায়ে সংস্কৃতি-বান্ধব কার্যক্রম গ্রহণ<br>**৮.৩.২৩** সেবাসমূহের অবকাঠামোগত উন্নয়ন এবং পর্যায়ক্রমে সকল শিশুর জন্য সমান সেবা-নেটওয়ার্ক তৈরির মাধ্যমে সেবা প্রদান<br>**৮.৩.২৫** স্থানীয় সরকার ব্যবস্থা ও অবকাঠামোর সম্পৃক্তকরণ | | বেসরকারি সংস্থা পরিচালিত বিভিন্ন কার্যক্রম | ● প্রাথমিক বিদ্যালয়ের পূর্ববর্তী ধাপ হিসেবে পরিবার ও জনসমাজের সহায়তায় প্রাথমিক বিদ্যালয়ের বিদ্যমান অবকাঠামো ব্যবহার করে প্রারম্ভিক শিখনের সুযোগ তৈরি<br>● ঝুকিঁপূর্ণ, সুবিধাবঞ্চিত ও প্রতিবন্ধি শিশুদের জন্য কার্যকর সুরক্ষা বলয় তৈরি করে অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ সেবার ব্যবস্থা গ্রহণ<br>● গণমাধ্যম ব্যবহার করে নুন্যতম সেবা প্যাকেজ সম্পর্কে গণ সচেতনতা তৈরি<br>● পরিবার ও শিশুদের জন্য বয়স ও বিকাশের ধাপ অনুযায়ি গণমাধ্যমে অনুষ্ঠান তৈরি ও প্রচার<br>● পরিবার ও শিশুদের জন্য বয়স ও বিকাশের ধাপ অনুযায়ি বই প্রণয়ন ও প্রকাশ<br>● শিশুর সংখ্যা অনুপাতে নুন্যতম মান নির্ধারণ করে নির্দিষ্ট সংখ্যক খেলার মাঠ ও বিনোদন কেন্দ্র স্থাপন<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা ও সুরক্ষা বিষয়ক | **সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>স্থানীয় সরকার বিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ,<br>সকল কার্যক্রমে ব্যক্তি, সংস্থাসকলের অংশগ্রহণ ও কার্যক্রমে সমন্বয় সাধন |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | সেবার মধ্যে কার্যকর সংযুক্তি ঘটিয়ে সেবাদানকারীদের মধ্যে কার্যকর সমন্বয় স্থাপন<br>● নুন্যতম সেবার পরিধি ও মান বৃদ্ধিতে কার্যকর ব্যবস্থা গ্রহণ<br>● পরিবার, সমাজ, স্থানীয় সরকার এবং সরকারি সেবা সংস্থার মধ্যে কার্যকর সেবা নেটওয়ার্ক তৈরি<br>● শিশুর পিতামাতা/যত্নকারীদের জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি উন্নয়নের জন্য কার্যক্রম গ্রহণ<br>● গণমাধ্যমসহ সকল সামাজিক বিনোদন মাধ্যমগুলোর জন্য সমন্বিত শিশুবান্ধব নীতিমালা প্রণয়ন ও কার্যকর বাস্তবায়ন<br>● শিশুর সংখ্যা অনুপাতে শহর ও গ্রাম বিবেচনায় নুন্যতম মান নির্ধারণ করে নির্দিষ্ট সংখ্যক খেলার মাঠ ও বিনোদন কেন্দ্র স্থাপন<br>● স্থানীয় সরকার কাঠামোকে মূল কেন্দ্রবিন্দু করে খেলাধুলা ও বিনোদনের সুযোগ তৈরি | |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **৮.৩.৬** প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রমের গুণগত মান বাড়ানোসহ পর্যায়ক্রমে সকল শিশুর জন্য প্রাক-প্রাথমিক শিক্ষার সুযোগ তৈরি;<br>**৮.৩.২০** প্রারম্ভিক শিক্ষা ও বিকাশ-সংক্রান্ত সেবা প্রদানের অবকাঠামো তৈরি | জাতীয় শিক্ষা নীতি- ২০১০,<br>জাতীয় শিশু নীতি- ২০১১,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি- ২০১১,<br>প্রাক প্রাথমিক শিক্ষা পরিচালন কাঠামো-২০০৮,<br>শিশু আইন-২০১৩ | PEDP3-এর মাধ্যমে প্রাক-প্রাথমিক শিক্ষা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর শিশু বিষয়ক কার্যক্রম, CHT এর অধীন পাড়াকেন্দ্র, মসজিদ ও মন্দির ভিত্তিক শিশু শিক্ষা কার্যক্রম, এনজিও কর্তৃক পরিচালিত শিক্ষা কার্যক্রম | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● সরকার প্রণীত শিক্ষাক্রম ও শিক্ষাক্রম বাস্তবায়ন প্রমিতমান অনুযায়ি সকল শিশুর জন্য নুন্যতম মানের প্রাক প্রাথমিক শিক্ষার ব্যবস্থা<br>● প্রাক-প্রাথমিক শিক্ষার বাস্তবায়ন ও পরিবীক্ষণে বিদ্যমান প্রাথমিক শিক্ষার অবকাঠামোর সুষ্ঠু ও পরিকল্পিত ব্যবহার<br>● প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সকল বিদ্যালয়ে স্বতন্ত্র শিক্ষক, শ্রেণিকক্ষ এবং সময়মত প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সরবরাহের ব্যবস্থা<br>● প্রাক-প্রাথমিক শিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণের আওতায় আনা<br>● মান সম্পন্ন পরিবীক্ষণ পদ্ধতি উন্নয়ন এবং তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কার্যকর বাস্তবায়ন<br>● প্রাক-প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল জনবলের জন্য দক্ষতা বৃদ্ধিমূলক কার্যক্রম<br>● জাতীয় শিক্ষা নীতির আলোকে দুই বছর মেয়াদি প্রাক-প্রাথমিক শিক্ষার | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজ কল্যাণ মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | পরিকাঠামো প্রণয়ন ও পরীক্ষণ<br>● বেসরকারি ও ব্যক্তি মালিকানাধীন শিক্ষা প্রতিষ্ঠান/কেন্দ্র (কিন্ডারগার্টেন, মাদ্রাসা, এনজিও স্কুল, বিশেষ স্কুল ইত্যাদি) সমুহকে সমন্বিত পরিকল্পনা ও ব্যবস্থাপনার আওতায় এনে নুন্যতম মান নিশ্চিত করা<br>● ক্ষুদ্র নৃ-গোষ্ঠির শিশুদের জন্য মাতৃভাষায় প্রাক প্রাথমিক শিক্ষা চালু<br><br>**মধ্য মেয়াদি কার্যক্রম**<br>● প্রাক-প্রাথমিক শিক্ষার বাস্তবায়ন প্রমিতমান অনুসরণে সকল শিশুকে মধ্য মানের প্রাক-প্রাথমিক শিক্ষার আওতায় আনা<br>● জাতীয় শিক্ষা নীতির আলোকে দুই বছর মেয়াদি প্রাক-প্রাথমিক শিক্ষা চালু<br>● পরিবার ও সমাজকে সম্পৃক্ত করে এবং প্রাথমিক বিদ্যালয়ের সংগে সংযুক্ত করে কমিউনিটি ভিত্তিক প্রারম্ভিক শিক্ষা কেন্দ্র চালু | |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | **দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● প্রাক-প্রাথমিক শিক্ষার বাস্তবায়ন প্রমিতমান অনুসরণে সকল শিশুকে উচ্চ মানের প্রাক-প্রাথমিক শিক্ষার আওতায় আনা | |
| **৮.৩.৭** সেবা-প্রদানকারী সরকারি-বেসরকারি সকল সংস্থার সমন্বয়ে কার্যকর নেটওয়ার্ক তৈরি;<br>**৮.৩.২৪** সেবা-কার্যক্রমে বেসরকারি এবং ব্যক্তিগত উদ্যোগ বাড়ানো | প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সরকারি-বেসরকারি সংস্থাসমুহের মধ্যে সহযোগিতা নির্দেশনা | প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সরকারি-বেসরকারি সংস্থাসমুহের মধ্যে সহযোগিতা নির্দেশনা বাস্তবায়ন | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সরকারি-বেসরকারি সংস্থাসমুহের মধ্যে সহযোগিতা নির্দেশনা পর্যালোচনার মাধ্যমে ব্যক্তিখাতকে অন্তর্ভূক্ত করে সংশোধিত নির্দেশনা প্রণয়ন ও বাস্তবায়ন<br>● ঝুকিপূর্ণ, সুবিধাবঞ্চিত ও প্রতিবন্ধি শিশুদের জন্য সরকারি, বেসরকারি ও ব্যক্তিগত খাতের সমন্বয়ে বিশেষ উদ্যোগ গ্রহণ<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● বর্তমান প্রেক্ষাপটের আলোকে বেসরকারি এবং ব্যক্তি খাতকে অন্তর্ভূক্ত করে ৩ থেকে ৬ বছর বয়সী শিশুদের জন্য নুন্যতম সেবা বিবেচনায় নিয়ে নির্দেশনা প্রণয়ন ও বাস্তবায়ন | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **৮.৩.৮** সেবার পরিধি বাড়ানো এবং ন্যূনতম আদর্শিক মান নিশ্চিতকরণ | প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সরকারি-বেসরকারি সংস্থাসমুহের মধ্যে সহযোগিতা নির্দেশনা | PEDP3 এর আওতায় সার্বজনিন প্রাক-প্রাথমিক শিক্ষার সম্প্রসারন পরিকল্পনা (PPE Expansion Plan), NGO, ব্যক্তি , সংস্থা, স্থানীয় কার্যক্রম | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● পিইডিপি-৩ এর আওতায় গৃহিত প্রাক-প্রাথমিক শিক্ষা বর্ধিতকরণ পরিকল্পনা অনুযায়ি সকল শিশুকে মানসম্মত সেবার আওতায় আনা<br>● বয়সভিত্তিক নুন্যতম সেবা (স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা, সুরক্ষা) কার্যক্রম পর্যায়ক্রমে সম্প্রসারণ<br><br>**মধ্য ও দীর্ঘমেয়াদি কার্যক্রম**<br>● কমিউনিটি ভিত্তিক প্রারম্ভিক শিক্ষা কেন্দ্র সম্প্রসারণের মাধ্যমে সকল শিশুকে পর্যায়ক্রমে প্রারম্ভিক শিখন কার্যক্রমের আওতায় আনা<br>● বয়সভিত্তিক নুন্যতম সেবা (স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা, সুরক্ষা) সকল শিশুর জন্য নিশ্চিত করা<br>● শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিক মান (ইএলডিএস) অনুসরণে নিয়মিত জাতীয় ভিত্তিক মূল্যায়নের মাধ্যমে নুন্যতম মান বজায় রাখা এবং পর্যায়ক্রমে মান উন্নয়নের উদ্যোগ গ্রহণ | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **৮.৩.৯** পরিবার ও জনসমাজভিত্তিক উদ্যোগ গ্রহণ এবং তাদের কার্যকরভাবে সম্পৃক্তকরণ; | জাতীয় শিশু নীতি- ২০১১, জাতীয় শিক্ষা নীতি-২০১০ | Home visit, Parenting, NGO দের বিভিন্ন কার্যক্রম | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● বয়সভিত্তিক নুন্যতম সেবা নিশ্চিত করতে পরিবার ও জনসমাজের ক্ষমতায়নকে মূল কৌশল হিসেবে গ্রহণ<br>● সুবিধাবঞ্চিত ও দূর্গম এলাকায় উপরোক্ত কৌশল ব্যবহার করে কার্যক্রম বাস্তবায়ন<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● পরিবার, জনসমাজ ও স্থানীয় সরকার কাঠামোর সম্পৃক্তিকে প্রাতিষ্ঠানীকিকরণের মাধ্যমে সেবা কাঠামো বিকেন্দ্রীকরণ<br>● বিকেন্দ্রীভূত সেবা কাঠামোর মাধ্যমে কার্যক্রম বাস্তবায়ন ও সম্প্রসারণ এবং পর্যায়ক্রমে সকল শিশুকে সেবার আওতায় আনা | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সমাজ কল্যাণ মন্ত্রণালয় |
| **৮.৩.১৭** তথ্যপ্রযুক্তির যথাযথ ব্যবহার এবং সকল সম্ভাবনা পরিস্ফুটনের সুযোগ সৃষ্টি;<br>**৮.৩.২১** বিদ্যমান ও অনাগত চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুতিমূলক | জাতীয় শিশু নীতি- ২০১১, জাতীয় শিক্ষা নীতি-২০১০ | | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● একবিংশ শতাব্দির চ্যালেঞ্জ মোকাবেলায় তিন থেকে ছয় বছর বয়সী শিশুদের নুন্যতম সেবা প্রদানে সম্ভাব্য বাধা ও সম্ভাবনাসমুহ সনাক্তকরণ ও পর্যালোচনা<br>● পরিবর্তিত প্রেক্ষাপট বিবেচনায় উদ্ভাবনী ও সৃজনশীল উদ্যোগ/কার্যক্রম উন্নয়ন, | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সংস্থা**<br>প্রাথমিক ও গণশিক্ষা |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| কাজের পাশাপাশি নতুন নতুন উদ্ভাবনীমূলক সেবা-কার্যক্রম চালু | | | গ্রহণ ও পরীক্ষণ<br>● তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে সেবার মান বৃদ্ধি, সেবা গ্রহিতাদের পরিবীক্ষণের আওতায় নিয়ে আসা এবং প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ<br>● তথ্য প্রযুক্তির সকল ক্ষেত্র যেমন : কমিউনিটি রেডিও, টেলিফোন, টিভি, স্থানীয় গণমাধ্যম, সামাজিক মিডিয়া ইত্যাদির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● আঞ্চলিক ও বৈশ্বিক চ্যালেঞ্জসমূহ মূলধারার পরিকল্পনার মাধ্যমে মোকাবেলা করা | মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় |
| **৮.৩.১৮** নীতি নির্ধারণী পর্যায় থেকে পরিবার পর্যন্ত সচেতন ও সংবেদনশীল পরিবেশ তৈরি; | জাতীয় শিশু নীতি-২০১১, জাতীয় শিক্ষা নীতি-২০১০, জাতীয় স্বাস্থ্য নীতি-২০১১, শিশু আইন-২০১৩ | | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● সকল সেবা প্রদানকারী মন্ত্রণালয় ও সংস্থা কর্তৃক সমন্বিতভাবে ৩-৬ বছর বয়সী শিশুর জন্য নুন্যতম সেবার বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য সামাজিক উদ্বুদ্ধকরণ কৌশল প্রণয়ন<br>● সমন্বিতভাবে বিদ্যমান অবকাঠামো | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা** |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | ব্যবহার করে সামাজিক সচেতনতামূলক প্রচারাভিযান (ক্যাম্পেইন) পরিচালনা<br>● শিশুকে সেবা দানের সংগে সংশ্লিষ্ট সকল পর্যায়ের সরকারি-বেসরকারি সংস্থা, অবকাঠামোতে শিশু বান্ধব পরিবেশ তৈরি<br>● সংবেদনশীল পরিবেশ তৈরির জন্য পরিবারকে কেন্দ্র করে সংশ্লিষ্ট মন্ত্রণালয় নৈতিকতা শিক্ষা বিষয়ক কর্মসূচি প্রণয়ন করবে<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● পরিবর্তিত পরিস্থিতি বিবেচনায় প্রচারণার বিষয়বস্তু, কৌশল এবং বাস্তবায়ন প্রক্রিয়া পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধন করা | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| **৮.৩.২২** সমন্বিত সেবা-সংক্রান্ত প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির পাশাপাশি দক্ষ মানব সম্পদ তৈরি; | জাতীয় শিশু নীতি-২০১১, জাতীয় শিক্ষা নীতি-২০১০, জাতীয় স্বাস্থ্য নীতি-২০১১ | প্রশিক্ষণ, সেমিনার, বেসরকারি কার্যক্রম | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● সরকারের সংশ্লিষ্ট জনবলের জন্য শিশুর বয়সোপযোগি নুন্যতম সেবা প্রদানে দক্ষতা বৃদ্ধিতে বিদ্যমান প্রশিক্ষণ অবকাঠামো ব্যবহার করে সমন্বিত উদ্যোগ গ্রহণ<br>● বিদ্যমান সেবা প্রদান প্রক্রিয়ায় প্যারেন্টিং কার্যক্রম অন্তর্ভুক্তকরণ ও সম্প্রসারণ | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শিক্ষা |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | • সুবিধাবঞ্চিত ও দূর্গম এলাকায় প্যারেন্টিং কার্যক্রম বাস্তবায়নের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ<br>• ইউনিয়ন পরিষদের সেবা প্রদানের ধরণের উপর ভিত্তি করে ক্ষমতায়নের (প্রশিক্ষণের) ব্যবস্থা<br>• সরকারি-বেসরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউটে স্বল্প ব্যয়ে ইসিডি বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজন<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>• সরকারি কর্মকর্তা-কর্মচারিদের প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির জন্য বিদ্যমান প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে এ সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণ<br>• সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইন্সটিটিউটসমূহে ইসিডি বিষয়ক পেশাগত কোর্স চালু<br>• স্থানীয় সরকারের বিদ্যমান প্রশিক্ষণ অবকাঠামোতে ইসিডি প্রশিক্ষণ অন্তর্ভুক্তকরণ | মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **শিশুর ৬ বছর থেকে ৮ বছর** | | | | |
| **৮.৪.১** প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষার মধ্যে কার্যকর সংযোগ সৃষ্টি এবং একটি থেকে আরেকটিতে উত্তরণের (Transition) যথাযথ ব্যবস্থা গ্রহণ;<br>**৮.৪.১৩** সকল পর্যায়ে সংস্কৃতি-বান্ধব কার্যক্রম গ্রহণ | জাতীয় শিক্ষা নীতি- ২০১০,<br>জাতীয় শিশু নীতি- ২০১১,<br>প্রাক প্রাথমিক শিক্ষা পরিচালন কাঠামো-২০০৮,<br>শিশু আইন-২০১৩ | PEDP3 এর আওতায় প্রাক-প্রাথমিক শিক্ষা ক্রমে উত্তরণের (Transition) জন্য কার্যক্রম<br>মসজিদ ও মন্দির ভিত্তিক শিক্ষা কার্যক্রম | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● বাড়ি-প্রাক প্রাথমিক-প্রাথমিক শিক্ষায় শিশুর সহজ উত্তরণ (Smooth transition) নিশ্চিত করতে কৌশল পত্র ও কর্ম পরিকল্পনা প্রণয়ন (কৌশল পত্রে বাড়ি ও শিক্ষা প্রতিষ্ঠান শিশু বান্ধবকরণ, পরিবার ও বিদ্যালয় এবং অভিভাবক ও শিক্ষকের মধ্যে গভীর সংযোগ স্থাপন এবং শিক্ষাক্রম ও শিখন-শেখানো পদ্ধতি পরিমার্জনের বিষয়টি অন্তর্ভূক্ত হবে)<br>● কর্ম পরিকল্পনা অনুযায়ি উত্তরণ কার্যক্রম বাস্তবায়ন<br>● ঝুকিঁতে থাকা, সুবিধাবঞ্চিত এবং প্রতিবন্ধী শিশুদের জন্য বিশেষ উত্তরণ সহায়তা প্রদান যেমন: আবাসিক স্কুল, সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় আনা, উপবৃত্তি প্রদান, ক্যাশ ট্রান্সফার, Mid day Meal ইত্যাদি<br>● প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষার শুরুর দিকে নিজের মাতৃভাষায় শিক্ষা কার্যক্রম গ্রহণ | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>প্রথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | **মধ্য মেয়াদি কার্যক্রম**<br>● উত্তরণ কার্যক্রম মূলধারার কার্যক্রমের সংগে সংযোজন<br>● পরিবর্তিত পরিস্থিতিতে প্রয়োজনীয় অভিযোজন | |
| **৮.৪.২** প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শতভাগ শিশুর জন্য তা নিশ্চিতকরণ;<br>**৮.৪.৩** প্রাথমিক শিক্ষার সঙ্গে স্বাস্থ্য, পুষ্টি ও সুরক্ষা-কার্যক্রমের গভীর সংযোগ স্থাপন<br>**৮.৪.৪** সেবার ন্যূনতম মান নির্ধারণ করে সকল শিশুকে সেবার আওতায় নিয়ে আসা<br>**৮.৪.৬** জাতি, গোষ্ঠী, ধর্ম, বর্ণ, বাসস্থান ইত্যাদি নির্বিশেষে সকল শিশুর জন্য গুণগত মানসম্পন্ন প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে চাহিদা অনুযায়ী কার্যক্রম গ্রহণ<br>**৮.৪.৭** ঝরে-পড়া রোধ | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান,<br>জাতীয় শিক্ষা নীতি- ২০১০,<br>জাতীয় শিশু নীতি- ২০১১,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি- ২০১১,<br>উপানুষ্ঠানিক শিক্ষা নীতি- ২০০৬,<br>উপানুষ্ঠানিক শিক্ষা আইন- ২০১৪<br>জাতীয় পুষ্টি নীতি - ২০১৫,<br>শিক্ষা আইন-২০১৩ | প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম,<br>School Feeding Program,<br>পিইডিপি-৩ কর্মসূচির আওতায় টিউবওয়েল এবং ৩টি টয়লেট বিশিষ্ট ওয়াশ-ব্লক নির্মাণ,<br>সরকারি ও বেসরকারি সংস্থার মাধ্যমে প্রাথমিক শিক্ষা পর্যায়ে প্রশিক্ষণ প্রদান,<br>পাঠ্যপুস্তকে স্বাস্থ্য ও পুষ্টি বিষয় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের সাথে কার্যক্রম চলমান,<br>উপবৃত্তি,<br>Reaching Out of School Children | **চলমান কার্যক্রম শক্তিশালীকরণ**<br>● শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশ এবং বিদ্যালয়ের জন্য প্রস্তুতি বিষয়ক কার্যক্রমকে শক্তিশালী ও সংগঠিত করে প্রাথমিক শিক্ষার সংগে সংযুক্তকরণ এবং সকল শিশুকে পর্যায়ক্রমে তার আওতায় আনা<br>● সকল শিশুকে প্রাথমিক শিক্ষার আওতায় আনতে প্রেক্ষাপট ভিত্তিক বিশেষ উদ্যোগ গ্রহণ (যেমন, স্যাটেলাইট স্কুল, স্কুল ফিডিং, বৃত্তি ইত্যাদি)<br>● শিক্ষা প্রতিষ্ঠানে পুষ্টি শিক্ষা কার্যক্রম সম্প্রসারণ ও শক্তিশালী করা<br>● শিক্ষায় বাদ পড়া শিশুদের জন্য দ্বিতীয় সুযোগ সৃষ্টি<br>● শিশুদের ঝরে পড়া রোধে এবং বিদ্যালয়ে ধরে রাখতে প্রেক্ষাপট ও | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>প্রথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ,<br>সমাজ কল্যাণ |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| এবং যে সকল শিশু শিক্ষাসহ সমন্বিত সেবা-কার্যক্রমের বাইরে তাদের সেবা-কার্যক্রমে অন্তর্ভুক্ত করার ব্যাপারে বিশেষ উদ্যোগগ্রহণ<br>**৮.৪.৮** শিক্ষার সঙ্গে স্বাস্থ্য, পুষ্টি ও সুরক্ষার কার্যকর বলয় তৈরি<br>**৮.৪.১৩** সকল পর্যায়ে সংস্কৃতি-বান্ধব কার্যক্রম গস্থহণ<br>**৮.৪.১৭** স্কুলভিত্তিক সমন্বিত অংশগ্রহণমূলক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন<br>**৮.৪.৫** পরিবার-স্কুল-জনসমাজ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের মধ্যে কার্যকর সংযোগ ও সমন্বয় সৃষ্টি;<br>**৮.৪.২২** নিরাপদ পারিবারিক ও সামাজিক পরিবেশ নিশ্চিতকরণ। | | (ROSC) project, Expanded Program on Immunization (EPI), School-Level Improvement Plan (SLIP), Second Chance Education (SCE), Diploma in Primary Education (DPED), Child Based Assesssment (CBA), Bangladesh Shishu Academy (BSA) activity, School Management Committee (SMC), Parent Teacher Association (PTA) | চাহিদা অনুযায়ি বিশেষ ব্যবস্থা<br>● শিশুবান্ধব আকর্ষনীয় বিদ্যালয় ও শ্রেণীকক্ষসহ শিশুকেন্দ্রিক, আনন্দময়, একীভুত, প্রযুক্তিনির্ভর এবং শিশুবান্ধব শিখন-শেখানো কার্যক্রম ও উপকরণের ব্যবস্থাকরণ<br>● শিক্ষার্থী-শিক্ষক অনুপাত, শিক্ষার সংযুক্তি সময়কে আদর্শ মানে নিয়ে আসা<br>● শিক্ষকদের মানসম্মত ও নিয়মিত প্রশিক্ষণের আয়োজন<br>● স্কুল স্বাস্থ্য, সেনিটেশন ও পুষ্টি কার্যক্রম চালু এবং পর্যায়ক্রমে সকল শিশুকে তার আওতায় নিয়ে আসা<br>● স্কুলভিত্তিক শিশু সুরক্ষা কার্যক্রম চালু এবং পর্যায়ক্রমে সকল শিশুকে তার আওতায় নিয়ে আসা<br>● গুণগত পরিবীক্ষণ ও রিমেডিয়াল সার্ভিস চালু<br>● পরিবার, সমাজ ও স্থানীয় সরকার ব্যবস্থাকে অর্থপূর্ণ এবং কার্যকরভাবে প্রাথমিক শিক্ষার সংগে সম্পৃক্তকরণ<br>● কৃষি, খাদ্য, মৎস্য ও প্রাণী সম্পদ, মহিলা ও শিশু বিষয়ক, শিক্ষা, শিল্প এবং | মন্ত্রণালয়,<br>পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | স্থানীয় সরকার বিভাগ সহ অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অধীনে পুষ্টি সম্পর্কিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন করা এবং এসব কার্যক্রম বাস্তবায়নের জন্য উপরিউক্ত মন্ত্রণালয়সমূহ ও অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় করা। <br>● অংশীদারি শক্তিশালী করে সরকারি প্রতিষ্ঠানসমূহের সাথে বেসরকারি সংগঠন ও প্রতিষ্ঠানসমূহের সমন্বয়ের মাধ্যমে একত্রে পুষ্টি কার্যক্রম বাস্তবায়ন করা। | |
| **৮.৪.৯** সকল ক্ষেত্রে সেবা-প্রদানকারী সরকারি-বেসরকারি সংস্থাসমূহের মধ্যে স্থায়ী কাঠামোনির্ভর কার্যকর যোগাযোগ ও সমন্বয় ব্যবস্থা তৈরি; <br>**৮.৪.১৬** সেবা কার্যক্রমে সরকারি বেসরকারি ও ব্যক্তিগত উদ্যোগ বাড়ানো <br>**৮.৪.১৫** স্থানীয় সরকার ও প্রশাসনিক ব্যবস্থাকে সেবা-কার্যক্রমে সম্পৃক্তকরণ | জাতীয় শিশু নীতি-২০১১, জাতীয় শিক্ষা নীতি-২০১০, জাতীয় স্বাস্থ্য নীতি-২০১১ | PEDP3 এর আওতায় School Management Committee (SMC), School-Level Improvement Plan (SLIP) বিষয়ক কার্যক্রম | **স্বল্প মেয়াদি কার্যক্রম** <br>● প্রাথমিক শিক্ষায় সরকারি-বেসরকারি ও ব্যক্তিখাতকে সমন্বিত করতে কৌশলপত্র ও কর্ম পরিকল্পনা প্রণয়ন (ব্যক্তি উদ্যোগে শিক্ষা-Private Education Providers বিষয়ে সমীক্ষা এবং পরিকল্পিতভাবে তা মূলধারার শিক্ষার সংগে সমন্বিতকরণ) <br>● স্কুলভিত্তিক স্বাস্থ্য, পুষ্টি, সেনিটেশন ও সুরক্ষা কার্যক্রমের প্লাটফর্ম তৈরি এবং সমন্বয়ের মাধ্যমে সকল সরকারি বেসরকারি ও ব্যক্তিখাত সেবা প্রদানকারিদের এর আওতায় নিয়ে আসা <br>● বেসরকারি ও ব্যক্তি খাতের অংশগ্রহণ | **মূল মন্ত্রণালয়/বিভাগ** <br>প্রথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় <br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা** <br>তথ্য মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | উৎসাহিত ও নিশ্চিত করতে প্রয়োজনীয় নীতিমালা, নির্দেশনা ও প্রনোদনা প্রণয়ন<br>**মধ্য মেয়াদি কার্যক্রম**<br>● সরকারি, বেসরকারি ও ব্যক্তিখাতের যৌথ অংশগ্রহণে মান সম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন | মন্ত্রণালয় |
| **৮.৪.১২** তথ্য-প্রযুক্তি নির্ভর শিক্ষা ও অন্যান্য সেবাব্যবস্থা প্রণয়ন;<br>**৮.৪.১৮** বিনোদন ও সৃজনশীলতার বিকাশে স্কুলভিত্তিক কার্যক্রম এবং সকল পর্যায়ে অবকাঠামোগত সুযোগ তৈরি;<br>**৮.৪.১৯** তথ্য ও আকাশ সংস্কৃতির ক্রমাগত চ্যালেঞ্জ মোকাবিলায় শিশু-বান্ধব নীতি প্রণয়ন<br>**৮.৪.২১** শিশুর মতামত ও অংশগ্রহণ নিশ্চিত করার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং | জাতীয় শিক্ষা নীতি- ২০১০, জাতীয় শিশু নীতি- ২০১১, জাতীয় নারী উন্নয়ন নীতি- ২০১১ | সাংস্কৃতিক ও সৃজনশীলতার বিকাশে বাংলাদেশ শিশু একাডেমীর কার্যক্রম | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● একবিংশ শতাব্দির চ্যালেঞ্জ মোকাবেলায় ছয় থেকে আট বছর বয়সী শিশুদের নুন্যতম সেবা প্রদানে সম্ভাব্য বাধাঁ ও সম্ভাবনাসমুহ সনাক্তকরণ ও পর্যালোচনা<br>● পরিবর্তিত প্রেক্ষাপট বিবেচনায় উদ্ভাবনী ও সৃজনশীল উদ্যোগ/কার্যক্রম উন্নয়ন, গ্রহণ ও পরিবীক্ষণ<br>● তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে সেবার মান বৃদ্ধি, সেবা গ্রহিতাদের পরিবীক্ষণের আওতায় নিয়ে আসা এবং প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ<br>● তথ্যপ্রযুক্তির সকল ক্ষেত্র যেমন : কমিউনিটি রেডিও, টেলিফোন, টিভি, স্থানীয় গণমাধ্যম, সামাজিক মিডিয়া ইত্যাদির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>প্রথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য, মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | • শিশুদের সৃজনশীলতা ও সাংস্কৃতিক বিকাশে বয়স ও বিকাশ উপযোগি আধুনিক ও সমন্বিত পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন যেমন: প্রাথমিক বিদ্যালয়ের কার্যক্রমের সাথে শিশু একাডেমীকে সম্পৃক্তকরণ<br>• গণ মাধ্যমসমুহে শিশুদের উপযোগি অনুষ্ঠান তৈরি ও প্রচারসহ শিশুদের নিয়মিত, অর্থপূর্ণ ও কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করা<br>• স্কুল এবং স্থানীয়, আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে শিশুর মতামত প্রকাশের সুযোগ সৃষ্টি এবং তাদের মতামতকে গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ যেমন: স্টুডেন্ট কাউন্সিলকে ক্ষমতায়ন<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>আঞ্চলিক ও বৈশ্বিক চ্যালেঞ্জসমূহ মূলধারার পরিকল্পনার মাধ্যমে মোকাবেলা করা<br>• কার্যক্রমের স্থায়িত্ব ও গ্রহনযোগ্যতা নিশ্চিত করতে স্থানীয় সংস্কৃতি ও ঐতিহ্য নির্ভর কার্যক্রম গ্রহণ | বিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **৮.৪.১৪** সমন্বিত সেবা-প্রদানে প্রাতিষ্ঠানিক দক্ষতা ও ক্ষমতা বৃদ্ধি ও দক্ষ মানব সম্পদ উন্নয়নের ব্যবস্থা গ্রহণ | জাতীয় শিশু নীতি-২০১১, জাতীয় শিক্ষা নীতি-২০১০, জাতীয় স্বাস্থ্য নীতি-২০১১ | | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● সরকারের সংশ্লিষ্ট জনবলের জন্য শিশুর বয়সোপযোগি নুন্যতম সেবা প্রদানে দক্ষতা বৃদ্ধিতে বিদ্যমান প্রশিক্ষণ অবকাঠামো ব্যবহার করে সমন্বিত উদ্যোগ গ্রহণ<br>● শিশুর সার্বিক বিকাশের জন্য বাংলাদেশ শিশু একাডেমীকে কেন্দ্র করে শিশুর প্রারম্ভিক বিকাশ ও উন্নয়ন বিষয়ক প্ল্যাটফর্ম তৈরিকরণ<br>● ইউনিয়ন পরিষদের সেবা প্রদানের ধরণের উপর ভিত্তি করে ক্ষমতায়নের (প্রশিক্ষণের) ব্যবস্থা<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● সরকারি কর্মকর্তা-কর্মচারিদের প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির জন্য বিদ্যমান প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে এ সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণ<br>● স্থানীয় সরকারের বিদ্যমান প্রশিক্ষণ অবকাঠামোতে প্রাক শিখন ও প্রাক শ্রেণি শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ অন্তর্ভুক্তিকরণ<br>● বিদ্যমান মানব সম্পদ উন্নয়ন | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | অবকাঠামো ও কার্যক্রমসমুহ পর্যালোচনা করে প্রযোজ্য ক্ষেত্রে পরিমার্জন, পরিবর্ধন, সংযোজন ও সংশোধন | |
| **বিশেষ চাহিদা সম্পন্ন শিশু** | | | | |
| **৮.২.১০** বিশেষ চাহিদাসম্পন্ন শিশুর দ্রুত শনাক্তকরণ এবং প্রয়োজনীয় সেবা-প্রদান কাঠামো তৈরি;<br>**৮.৩.১০** শিশুর চাহিদা, অবস্থান, আর্থ-সামাজিক অবস্থান ইত্যাদি বিবেচনা করে একীভূত সেবা-কার্যক্রম চালু<br>**৮.৩.১১** বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের (Children with Special Needs) ক্ষেত্রে বিশেষ চাহিদার ধরন ও মাত্রা দ্রুত শনাক্তকরণ ও প্রয়োজনীয় সেবা প্রদানের ব্যবস্থা সৃষ্টি, সম্প্রসারণ এবং পর্যায়ক্রমে সকলকে প্রাতিষ্ঠানিক সেবার আওতায় আনা; | জাতীয় শিক্ষা নীতি- ২০১০<br>জাতীয় শিশু নীতি- ২০১১,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১,<br>প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন-২০১৩,<br>নিউরো ডেভেলাপমেন্ট প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন-২০১৩<br>শিশু আইন - ২০১৩ | সমাজসেবা অধিদপ্তরের আওতায় প্রতিবন্ধিতা সনাক্তকরণ ডাটাবেজ তৈরির কাজ চলমান।<br>PEDP3 এর আওতায় শিক্ষকদের দ্বারা প্রতিবন্ধিতা সনাক্তকরণ<br>সমন্বিত স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (Health Population and Nutrition Sector Development Program-HPNSDP) এর আওতায় হাসপাতালে জন্ম নেওয়া শিশুদের প্রতিবন্ধিতা সনাক্তকরণের নিমিত্তে প্রাথমিক ধারনা লাভ | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>• শিশুর বয়স জন্ম থেকে ৩ বছর পর্যন্ত অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ, ৩ থেকে ৬ বছর পর্যন্ত নুন্যতম সেবা প্যাকেজ এবং ৬-৮ বছর পর্যন্ত সমন্বিত সেবা কার্যক্রমে বাধ্যতামূলকভাবে যে কোন ধরণের ঝুঁকি বা বিশেষ চাহিদার দ্রুত শনাক্তকরণ প্রক্রিয়া অন্তর্ভুক্তকরণ<br>• ঝুঁকি বা বিশেষ চাহিদা শনাক্তকরণের পর দ্রুত প্রয়োজনীয় সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ<br>• স্বাস্থ্য সেবায় সংশ্লিষ্ট সকল শিক্ষাক্রম ও প্রশিক্ষণ মডিউলে প্রতিবন্ধিতা সনাক্তকরণ সংক্রান্ত তথ্য ও প্রক্রিয়া অন্তর্ভুক্তকরণ<br><br>**মধ্য মেয়াদি কার্যক্রম**<br>• ঝুঁকি বা বিশেষ চাহিদা অনুযায়ি সেবা প্রদানের পর্যায়ক্রমে স্থায়ী অবকাঠামো স্থাপন | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>সমাজ কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **৮.৪.১০** বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের ক্ষেত্রে বিশেষ চাহিদার ধরন ও মাত্রা দ্রুত শনাক্তকরণ ও প্রয়োজনীয় সেবা-প্রদান ব্যবস্থা তৈরি; | | | • শনাক্তকরণ ও বিশেষ সেবা প্রদানে প্রযুক্তি নির্ভর আধুনিক পদ্ধতি ব্যবহার এবং এ সংক্রান্ত দক্ষ জনবল গড়ে তোলা<br>• পুরো প্রক্রিয়াকে মূল ধারার সেবা কাঠামোর সংগে অন্তর্ভুক্তকরণ<br>• প্রতিবন্ধিতা সনাক্তকরণে কমিউনিটি ক্লিনিকের জনবলের দক্ষতাবৃদ্ধিকরণ<br><br>**দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>• সকল শিশুকে সেবা প্যাকেজের মাধ্যমে সনাক্তকরণ প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা | |
| **৯.১.১** সকল ধরনের বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের স্বাভাবিক ও সম্মানজনকভাবে বেঁচে থাকা, প্রতিষ্ঠা পাওয়া এবং তাদের জন্য সংবেদনশীল পরিবেশ নির্মাণকল্পে সচেতনতা সৃষ্টি; | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান,<br>জাতীয় শিশু নীতি- ২০১১,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি- ২০১১,<br>সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের কার্যক্রম প্রতিবেদন-২০১৪,<br>প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন-২০১৩ ,<br>নিউরো ডেভেলাপমেন্ট প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন-২০১৩,<br>জাতীয় শিক্ষা নীতি- ২০১০ | সমাজসেবা অধিদপ্তরের অধীন প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি,<br>প্রতিবন্ধীদের জন্য সেবাকেন্দ্র,<br>PEDP3 এর আওতায় প্রতিবন্ধী শিশু বান্ধব বিদ্যালয় পরিবেশ তৈরি করা,<br>EPI ও ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন কার্যক্রমের মাধ্যমে প্রতিবন্ধিতা | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>• শিশুর যত্ন ও বিকাশ বিষয়ক গর্ভ থেকে আট বছর বয়সী শিশুদের জন্য গৃহিত সকল কার্যক্রমে প্রতিবন্ধী শিশুদের স্বাভাবিক ও সম্মানজনকভাবে বেঁচে থাকা, প্রতিষ্ঠা পাওয়া এবং তাদের জন্য সংবেদনশীল পরিবেশ নির্মাণকল্পে সচেতনতা সৃষ্টির বিষয় অন্তর্ভুক্তকরণ<br>• সকল সেবাদানকারী প্রতিষ্ঠান এবং সকল ধরণের গণমাধ্যম কর্তৃক একটি সমন্বিত পরিকল্পনার অংশ হিসেবে এই সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়ন । | সকল মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে আন্তঃমন্ত্রণালয় কমিটিকে গতিশীল করে কার্যক্রমে সম্পৃক্ত করা |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০,<br>জাতীয় শ্রম নীতি ২০১২ | প্রতিরোধ | **মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● সকল ধরনের বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের স্বাভাবিক প্রবেশগম্যতা নিশ্চিত করতে প্রণীত নির্দেশনার বাস্তবায়ন বাধ্যতামূলক করা এবং পরিবীক্ষণ পদ্ধতির আওতায় আনা<br>● সকল ধরনের বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের বয়স অনুযায়ি তাদের জন্য নির্ধারিত কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি | |
| **৯.১.২** শিশুর স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা ও সুরক্ষা কার্যক্রমের সকল ক্ষেত্রে অন্তর্ভুক্তিকরণ নিশ্চিত করা;<br>**৯.১.৪** ভ্রূণাবস্থা থেকে আট বছর বয়সী শিশুদের সব ধরনের সেবা-কার্যক্রমে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের বিভিন্ন চাহিদার কথা মনে রেখে সেসবের যথাযথ সংযোজনের ব্যবস্থা এবং প্রয়োজনে স্বতন্ত্র ব্যবস্থা গ্রহণ<br>**৯.১.৯** বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য প্রয়োজনীয় | জাতীয় শিশু নীতি-২০১১,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১,<br>প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন-২০১৩,<br>নিউরো ডেভেলাপমেন্ট প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন-২০১৩,<br>জাতীয় পুষ্টি নীতি-২০১৫,<br>জাতীয় শিক্ষা নীতি- ২০১০ | সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম,<br>জাতীয় দৃষ্টি প্রতিবন্ধী প্রশিক্ষণ কেন্দ্রভিত্তিক কার্যক্রম,<br>সরকারি দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়,<br>মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান,<br>বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়,<br>শিশু পরিবারের মাধ্যমে অনাথ শিশুদের পড়ালেখার সুযোগ, | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● নীতি বাস্তবায়নে শিশুর বয়স জন্ম থেকে ৩ বছর পর্যন্ত অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ, ৩ থেকে ৬ বছর পর্যন্ত নুন্যতম সেবা প্যাকেজ এবং ৬-৮ বছর পর্যন্ত সমন্বিত সেবা কার্যক্রম বাধ্যতামূলকভাবে একীভুত করা (যেন যে কোন ধরণের প্রতিবন্ধি শিশুর অন্তর্ভূক্তিতে কোন অসুবিধা না হয়)<br>● প্রয়োজনে প্রতিবন্ধী শিশুদের জন্য স্বতন্ত্র ও বিশেষ কার্যক্রম এবং অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ<br>● পরিবারের সম্পৃক্ততা নিশ্চিত করা এবং পরিবারকে ক্ষমতায়ন করা | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, সমাজ কল্যাণ মন্ত্রণালয়<br>**সহায়ক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা**<br>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| উপকরণ ও সরঞ্জামাদির পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করার পাশাপাশি দক্ষ জনবল তৈরি করা;<br>**৯.১.১১** মা-বাবা ও অভিভাবকদের ক্ষমতায়ন এবং দক্ষতা বৃদ্ধি;<br>**৯.১.৩** বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের যথাযথ সহায়তা ও সেবাপ্রদানের জন্য অবকাঠামোগত সুযোগ সৃষ্টি<br>**৯.১.৫** দীর্ঘমেয়াদি প্রতিরোধ ব্যবস্থা ও সেবা-কাঠামো গড়ে তুলতে সমন্বিত উদ্যোগ গ্রহণ<br>**৯.১.৬** পরিবার ও জনসমাজকে সম্পৃক্ত করে কার্যকর প্রতিরোধ ও সেবা-প্রদান ব্যবস্থা চালু<br>**৯.১.৮** সমন্বিত একীভূত সেবা-প্রদান ব্যবস্থা সৃষ্টির পাশাপাশি বিশেষ সেবা-প্রদান কার্যক্রম গ্রহণ;<br>**৯.১.১০** তৃণমূল পর্যায়সহ | | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর আওতায় দেশের ৬৪ টি জেলায় ৬৮টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র ও ৬৯টি অটিজম রিসোর্স সেন্টার চালু, একই সাথে সারাদেশে ৫৬ টি অটিস্টিক ও বুদ্ধি প্রতিবন্ধী স্কুলের মাধ্যমে শিশু সেবা গ্রহণের সুযোগ, PEDP3 এর আওতায় প্রতিবন্ধী শিশুদের ভর্তির হার বৃদ্ধিমূলক কার্যক্রম, PEDP3 এর আওতায় প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বিদ্যালয়সমূহে হুইল চেয়ার ব্যবহার উপযোগী র‍্যাম্প তৈরী করা, PEDP3 এর আওতায় একীভূত শিক্ষা কার্যক্রম, সমাজসেবা অধিদপ্তরের আওতায় উপজেলা পর্যায়ে প্রতিবন্ধীদের জন্য সেবাকেন্দ্র এছাড়া | • সংশ্লিষ্ট সেবা প্রদানকারিদের মধ্যে কার্যকর সমন্বয়<br>• পুষ্টি নিশ্চিত করতে বহুখাত ভিত্তিক কার্যক্রম জোরদার করা এবং সংশ্লিষ্ট সকল খাতের মধ্যে সমন্বয় বৃদ্ধি করা ।<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>• প্রতিবন্ধী শিশুদের সেবা প্রদানে প্রয়োজনীয় উপকরণ ও সরঞ্জামাদির সরবরাহসহ দক্ষ জনবল তৈরির উদ্যোগ<br>• বিদ্যমান সেবা কাঠামোর উপর ভিত্তি করে উপজেলা থেকে জাতীয় পর্যায় পর্যন্ত বিশেষায়িত সেবা প্রদানের স্থায়ী অবকাঠামো সৃষ্টি<br>• সামাজিক পুনর্বাসন ও অভিভাবকদের জীবিকানির্ভর স্থায়ী সেবা কার্যক্রম চালু | সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে আন্তঃমন্ত্রণালয় কমিটিকে গতিশীল করে কার্যক্রমে সম্পৃক্ত করা |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| উপজেলা, জেলা ও কেন্দ্রীয় পর্যায়ে চাহিদাভিত্তিক বিশেষায়িত সেবা-কেন্দ্র স্থাপন<br>**৯.১.১২** জীবিকানির্ভর স্থায়ী সেবা-কার্যক্রম চালু;<br>**৯.১.১৩** সকল সেবা-প্রদানকারী সংস্থার কার্যকর ও সমন্বিত উদ্যোগ গ্রহণ | | প্রতিবন্ধিতা বিষয়ক জেলা/উপজেলা/শহর কমিটি সমন্বয় সমাধানমূলক কার্যক্রম, বহুখাত ভিত্তিক সমন্বয় সাধনের মাধ্যমে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়সমূহের সাথে কার্যক্রম পরিচালনা করা | | |
| **৯.১.৭** সংশ্লিষ্ট নীতি, পরিকল্পনা, আইন ও কাঠামোর সমন্বয় ও সংস্কার সাধন; | জাতীয় শিশু নীতি- ২০১১, জাতীয় শিক্ষা নীতি-২০১০, জাতীয় স্বাস্থ্য নীতি-২০১১, প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন-২০১৩ , নিউরো ডেভেলাপমেন্ট প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন-২০১৩, জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১, দূর্যোগ ব্যবস্থাপনা আইন-২০১২ | | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● জন্ম থেকে আট বছর বয়সী প্রতিবন্ধী শিশুদের জন্য একীভুত এবং বিশেষায়িত কার্যক্রম সংশ্লিষ্ট সকল নীতি, পরিকল্পনা, আইন, কাঠামো ও কার্যক্রম পর্যালোচনা করে একটি সমন্বিত নীতি ও সেবা কাঠামো প্রণয়ন<br>● সমন্বিত নীতি ও সেবা কাঠামো অনুযায়ি কার্যক্রম গ্রহন ও বাস্তবায়ন<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● নিয়মিত বিরতিতে সমন্বিত নীতি, সেবা কাঠামো ও কার্যক্রম পর্যালোচনা, পরিমার্জন ও পরিবর্ধন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে আন্তঃমন্ত্রণালয় কমিটিকে গতিশীল করে কার্যক্রমে সম্পৃক্ত করা |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **সুবিধা বঞ্চিত শিশু** | | | | |
| **৮.২.১২** ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সংখ্যালঘু, সুবিধাবঞ্চিত, ঝুঁকিগ্রস্থ ও অনগ্রসর শিশুদের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ;<br>**৮.৩.১০** শিশুর চাহিদা, অবস্থান, আর্থ-সামাজিক অবস্থান ইত্যাদি বিবেচনা করে একীভূত সেবা-কার্যক্রম চালু<br>**৮.৩.১২** ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সংখ্যালঘু, ঝুঁকিগ্রস্থ ও সুবিধাবঞ্চিত শিশুদের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ;<br>**৮.৪.১১** ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সংখ্যালঘু, সুবিধা-বঞ্চিত, ঝুঁকিগ্রস্থ ও বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের ক্ষেত্রে যথাসম্ভব একীভূত সেবা ব্যবস্থা চালু। অন্যথায়, বিশেষ সেবা-প্রদান কার্যক্রম গ্রহণ এবং এ ধরনের সকল | জাতীয় শিশু নীতি- ২০১১,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১,<br>জাতীয় শিক্ষা নীতি-২০১০,<br>উপানুষ্ঠানিক শিক্ষা নীতি-২০০৬,<br>জাতীয় শিশু নীতির জাতীয় কর্মপরিকল্পনা-২০১১,<br>জাতীয় শ্রমনীতি-২০১১,<br>জাতীয় শ্রম নীতি ২০১২,<br>জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০,<br>জাতীয় শ্রম আইন ২০০৬,<br>জাতীয় স্বাস্থ্য নীতি-২০১১,<br>NFE action plan,<br>Operational Guidelines for 2004,<br>GO-NGO Collaboration Guideline for Universal Pre-Primary Education in Bangladesh-2011 | স্কুল ফিডিং<br>উপবৃত্তি<br>বিনামুল্যে বই বিতরণ<br>উপানুষ্ঠানিক শিক্ষা<br>মাতৃভাষাভিত্তিক বহুভাষিক শিক্ষা কার্যক্রম,<br>বেসরকারি উন্নয়ন সংস্থা পরিচালিত প্রাক প্রাথমিক শিক্ষা কার্যক্রম, PEDP-3 কার্যক্রম, Health Population and Nutrition Sector Development Program-HPNSDP strategy plan -2012 | **স্বল্পমেয়াদি কার্যক্রম**<br>● নীতি বাস্তবায়নে গর্ভ ও প্রসবকাল,শিশুর বয়স জন্ম থেকে ৩ বছর পর্যন্ত অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ, ৩ থেকে ৬ বছর পর্যন্ত নুন্যতম সেবা প্যাকেজ এবং ৬-৮ বছর পর্যন্ত সমন্বিত সেবা কার্যক্রম বাধ্যতামূলকভাবে একীভুত করা যেন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সংখ্যালঘু, সুবিধাবঞ্চিত, ঝুঁকিগ্রস্থ ও অনগ্রসর শিশুদের সেবা কার্যক্রমের আওতায় আনা যায়<br>● ৮.১.৭এ প্রস্তাবিত ম্যাপিং এর মাধ্যমে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সংখ্যালঘু, সুবিধা-বঞ্চিত, ঝুঁকিগ্রস্থ ও বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদেরসনাক্তকরণ<br>● সুবিধা-বঞ্চিত শিশুদের জন্য চলমান কার্যক্রম পর্যালোচনা করে তাতে বিষয়টির অন্তর্ভুক্তকরণ<br>● প্রয়োজনীয় সম্পদ বরাদ্দ করে স্বল্পমেয়াদি কার্যক্রম বাস্তবায়ন করা।<br>● প্রনোদনামূলক কার্যক্রমসহ বিভিন্ন গোষ্ঠি বা দলের পশ্চাদপদতা বিবেচনা করে | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, IMED/পরিকল্পনা মন্ত্রণালয়, এনজিও ও কর্পোরেট সেক্টর, গণমাধ্যম প্রতিষ্ঠান |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| শিশুকে এ সেবা-কার্যক্রমের আওতায় নিয়ে আসা;<br>**৯.২.১২** প্রয়োজনীয় উপকরণ ও সরঞ্জামাদির পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করার পাশাপাশি দক্ষ জনবল তৈরি করা<br>**৯.২.১৩** ভ্রূণাবস্থা থেকে আট বছর বয়সী শিশুদের সব ধরনের সেবা-কার্যক্রমে সুবিধাবঞ্চিত শিশুদের বিভিন্ন চাহিদার কথা মনে রেখে যথাযথ ব্যবস্থা বা প্রয়োজনে স্বতন্ত্র ব্যবস্থা গ্রহণ;<br>**৯.২.১৪** তৃণমূল পর্যায়সহ উপজেলা, জেলা ও কেন্দ্রীয় পর্যায়ে চাহিদাভিত্তিক বিশেষায়িত সেবাকেন্দ্র স্থাপন<br>**৯.২.১৫** মা-বাবা ও অভিভাবকদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে ক্ষমতায়ন করা<br>**৯.২.১৬** জীবিকানির্ভর স্থায়ী সেবা-কার্যক্রম চালু; | | | সাংস্কৃতিক সংবেদনশীল বিশেষ কার্যক্রম গ্রহণ<br>● সুবিধাবঞ্চিত পরিবারসমূহে মা ও শিশুর সুস্থ বিকাশ ও সুরক্ষার জন্য প্রয়োজনীয় সামাজিক নিরাপত্তা বেষ্টনীমূলক কার্যক্রম হাতে নেওয়া।<br>● ইসিডি বিষয়ক মৌলিক ধারণা প্রদায়ক প্রচারাভিযান পরিচালনা<br>● শিল্প কলকারখানা বিশেষ করে রপ্তানিমূখী তৈরি পোশাক শিল্প কারখানায় ডে-কেয়ার সেন্টার স্থাপন এবং সেন্টারের পরিবেশ ও কার্যক্রমের গুণগতমান উন্নয়ন করা<br>● শিশু শ্রমের ক্ষতিকর প্রভাব সম্পর্কে পিতা-মাতা, জনগণ ও সুশীল সমাজের জন্য সচেতনতা বৃদ্ধি করা<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● দুর্গমতা ও সেবা বহির্ভূত জনগোষ্ঠি বিবেচনা সাপেক্ষে বিশেষ সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় জনবল ও সুবিধাদিসহ অবকাঠামো নির্মাণ<br>● কার্যকর পরিবীক্ষণ ব্যবস্থা স্থাপনের | |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| **৯.২.১৭** সকল সেবা-প্রদানকারী সংস্থার কার্যকর ও সমন্বিত উদ্যোগ গ্রহণ | | | মাধ্যমে পর্যায়ক্রমে সকল শিশুকে অত্যাবশ্যকীয় ও নুন্যতম সেবার আওতায় নিয়ে আসা<br>● পরিবার থেকে স্থানীয় সরকার এবং মূল ধারার সেবা কাঠামোর সকল স্তরকে সম্পৃক্ত করে সেবা নেটওয়ার্ক তৈরি<br>● শ্রমজীবী মানুষের নিবাসনকেন্দ্রিক দিবাযত্ন কেন্দ্র স্থাপন<br>● শিল্পকারখানা ও কর্মক্ষেত্রভিত্তিক দিবাযত্ন কেন্দ্রস্থাপন<br>● শিশুদের বয়সোপযোগী ও বিকাশ অনুসারে খেলাধুলার জন্য প্রয়োজনীয় উপকরণ ও সরঞ্জামাদি স্থানীয়ভাবে তৈরির জন্য প্রশিক্ষণের মাধ্যমে জনবল তৈরি করা।<br>● বাবা-মা ও সেবাদানকারীদের জন্য ইসিডি বিষয়ক বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা | |
| **৯.২.১** সুবিধাবঞ্চিত বা বিভিন্ন কারণে অনগ্রসর শিশুদের অধিকার, স্বাভাবিক ও সম্মানজনকভাবে বেঁচে থাকা, প্রতিষ্ঠা পাওয়া এবং | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান,<br>জাতীয় শিক্ষা নীতি- ২০১০,<br>জাতীয় শিশু নীতি- ২০১১,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি- | সামাজিক নিরাপত্তা কার্যক্রমকে আরও শিশুবান্ধব করা এবং পরিচর্যা ব্যবস্থাপনার মাধ্যমে এতিম, অসহায় | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● শিশুর যত্ন ও বিকাশ বিষয়ক গর্ভ থেকে আট বছর বয়সী শিশুদের জন্য গৃহিত সকল কার্যক্রমে সুবিধাবঞ্চিত বা বিভিন্ন কারণে অনগ্রসর শিশুদের স্বাভাবিক ও | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,<br>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| তাদের জন্য সংবেদনশীল পরিবেশ রচনায় সচেতনতা সৃষ্টি; | ২০১১,<br>জাতিসংঘ শিশু অধিকার সনদ-১৯৯০,<br>জাতীয় স্বাস্থ্য নীতি-২০১১,<br>জাতীয় শ্রম নীতি ২০১২,<br>জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০,<br>জাতীয় শ্রম আইন ২০০৬<br>Sexual and. Reproductive Health and Rights (SRHR) কৌশলপত্র ২০০৮/২০১০,<br>উপানুষ্ঠানিক শিক্ষানীতি-২০০৬,<br>NFE Action plan-2014,<br>শিশু আইন-২০১৩ | শিশুদের জরুরি অবস্থায় সুরক্ষার কর্মকৌশল প্রবর্তন করা হয়েছে।<br><br>সমাজসেবা অধিদপ্তরের আওতায় দুস্থ শিশু সনাক্তকরণ ডাটাবেজ তৈরি<br><br>Reaching Out-of-School Children (ROSC) প্রকল্পের আওতায় দেশের অনুন্নত জনপদ এবং ক্ষুদ্র নৃতাত্ত্বিক জনগোষ্ঠী অধ্যুষিত ৯০টি উপজেলায় আনন্দ স্কুল প্রতিষ্ঠার মাধ্যমে হত-দরিদ্র ও ঝরে পড়া শিশুর প্রাথমিক শিক্ষার সুযোগ সৃষ্টি,<br>সমাজসেবা অধিদপ্তর এর অধীনে সরকারি এতিমখানা পরিচালন | সম্মানজনকভাবে বেঁচে থাকা, প্রতিষ্ঠা পাওয়া এবং তাদের জন্য সংবেদনশীল পরিবেশ নির্মাণকল্পে সচেতনতা সৃষ্টির বিষয় অন্তর্ভুক্তকরণ<br>• সকল সেবাদানকারী প্রতিষ্ঠান ও গণমাধ্যম কর্তৃক একটি সমন্বিত পরিকল্পনার অংশ হিসেবে এই সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়ন<br>• শিল্পকারখানা, পূনর্বাসন কেন্দ্র এবংএতিমখানা ও কারাগারের ডে কেয়ার সেন্টারগুলোর পরিবেশ ও কার্যক্রমের গুনগত মান বৃদ্ধি এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের জ্ঞানবৃদ্ধি করার জন্য সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা।<br>• শিল্প কলকারখানা বিশেষ করে রপ্তানিমূখী তৈরি পোশাক শিল্প কারখানায় ডে-কেয়ার সেন্টার স্থাপন এবং সেন্টারের পরিবেশ ও কার্যক্রমের গুণগতমান উন্নয়ন করা<br>• শিশু শ্রমের ক্ষতিকর প্রভাব সম্পর্কে পিতা-মাতা, জনগণ ও সুশীল সমাজের জন্য সচেতনতা বৃদ্ধি করা | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, বেসরকারি সংস্থা ও গণমাধ্যম প্রতিষ্ঠান |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | একই সাথে ০ থেকে ৫ বছর বয়সী শিশুদের জন্য ৬টি বিভাগীয় শহরে ছোট্টমনি নিবাস নামে ৬টি বেবি হোম পরিচালন,<br>স্কার প্রকল্পের আওতায় ঝুঁকিপূর্ণ শিশুকে সেন্টারে ভর্তি করা, এনজিও সমূহের কার্যক্রম | ● নেটওয়ার্ক, ফোরাম, কোয়ালিশন ইত্যাদির মাধ্যমে বেসরকারি প্রতিষ্ঠানসমূহে ইসিডি কার্যক্রমের পরিধি ও মান বৃদ্ধি ও সমন্বয় (যেমন বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক)<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>পরিবর্তিত পরিস্থিতিতে বাধাসমুহ চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | |
| **৯.২.২** জেন্ডার বিষয়ে জনসচেতনতা সৃষ্টি ও দৃষ্টিভঙ্গিজাত আচরণের পরিবর্তন সাধন;<br>**৯.২.৩** নারী-পুরুষের জন্য সমান অবস্থা তৈরি করা যেন নারী-পুরুষ উভয়ের ভিতরের সমতা ও প্রত্যাশা পূরণ হয় এবং নারী যাতে সকল উন্নয়ন কর্মসূচির সহায়ক, সমান ফল ভোগকারী ও ভোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হতে পারে তা | জাতীয় শিক্ষা নীতি- ২০১০,<br>জাতীয় শিশু নীতি- ২০১১,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি- ২০১১,<br>জাতীয় স্বাস্থ্য নীতি -২০১১,<br>বাল্য বিবাহ নিরোধ আইন- ২০১৪,<br>GO-NGO Collaboration Guideline for Universal Pre-Primary Education in Bangladesh-2011 | জেন্ডার অ্যাকশান প্ল্যান | **চলমান কার্যক্রম শক্তিশালীকরণ**<br>● নীতি বাস্তবায়নে গর্ভ ও প্রসবকাল, শিশুর বয়স জন্ম থেকে ৩ বছর পর্যন্ত অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ, ৩ থেকে ৬ বছর পর্যন্ত নুন্যতম সেবা প্যাকেজ এবং ৬-৮ বছর পর্যন্ত সমন্বিত সেবা কার্যক্রম বাস্তবায়নে পরিকল্পনা পর্যায় থেকে বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন পর্যায় পর্যন্তবাধ্যতামূলকভাবে লিঙ্গ সমতা বিবেচনা করে সে অনুযায়ি কার্যকর ব্যবস্থা গ্রহণ<br>● জেন্ডার বিষয়ে সচেতনতা সৃষ্টি এবং দীর্ঘমেয়াদি দৃষ্টিভঙ্গি ও আচরনিক | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, বেসরকারি সংস্থা ও গণমাধ্যম |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| নিশ্চিত করা;<br>**৯.২.৪** যে কোনো কর্ম-পরিকল্পনা ও কার্যক্রমে নারী ইস্যুকে সমন্বিত করা এবং নারী ও দরিদ্রতমদের সম্পৃক্ত করার ফলাফল পর্যালোচনা করা | | | পরিবর্তনের বিষয়টি কর্মসুচি বাস্তবায়নের সংগে ওতপ্রোতভাবে অর্ন্তভুক্ত করা | প্রতিষ্ঠান |
| **৯.২.৫** পার্বত্য অঞ্চলসহ দেশের অন্যান্য অঞ্চলে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সংখ্যালঘু জাতিসত্তার শিশুদের জন্য বিশেষ সেবার ব্যবস্থা গ্রহণ;<br>**৯.২.৬** মাতৃভাষার প্রাধান্যসহ বহুভাষিক শিক্ষা চালুকরণ; | জাতীয় শিক্ষা নীতি- ২০১০,<br>জাতীয় শিশু নীতি- ২০১১,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি- ২০১১,<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রতিবেদন-২০১৪,<br>পার্বত্য শান্তি চুক্তি,<br>GO-NGO Collaboration Guideline for Universal Pre-Primary Education in Bangladesh-2011,<br>NFE Policy-2006 | PEDP 3এর আওতায় সংশ্লিষ্ট ভাষা জ্ঞানসম্পন্ন শিক্ষক নিয়োগের উদ্যোগ গ্রহণ এবং দূর্গম পাহাড়ি এলাকায় হোস্টেল সুবিধাসহ ১০টি বিদ্যালয় স্থাপন,<br>PEDP-3 এর আওতায় ৫-টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিশুদের জন্য তাদের মাতৃভাষায় প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য শিক্ষা উপকরণ তৈরির কার্যক্রম,<br>ROSC প্রকল্পের আওতায় দেশের অনুন্নত জনপদ এবং ক্ষুদ্র নৃতাত্ত্বিক জনগোষ্ঠী | **স্বল্পমেয়াদি কার্যক্রম**<br>● পার্বত্য অঞ্চলসহ দেশের অন্যান্য অঞ্চলে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সংখ্যালঘু জাতিসত্তার সংস্কৃতি, কৃষ্টি, আচার ইত্যাদি বিবেচনা করে গর্ভ থেকে আট বছর বয়সী শিশুদের জন্য নীতির আওতায় প্রণীত সেবা প্যাকেজসমূহ সংবেদনশীল করা ও যথাযথবাস্তবায়ন নিশ্চিত করা<br>● যথাযথ অবকাঠামো, দক্ষ জনবল এবং সহজ উত্তরণ প্রক্রিয়াসহ মাতৃভাষাভিত্তিক বহুভাষিক শিক্ষা কার্যক্রম চালু<br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● প্রয়োজনে প্রনোদনাসহ বিশেষ কার্যক্রম গ্রহণ<br>● স্থায়ী সেবা অবকাঠামো স্থাপন | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | অধ্যুষিত ৯০টি উপজেলায় আনন্দ স্কুল প্রতিষ্ঠা,<br>এনজিও পরিচালিত MTBMLE কেন্দ্র/স্কুল | ● দুর্গমতা এবং বৈচিত্র বিবেচনায় পর্যায়ক্রমে সকল শিশুকে অত্যাবশ্যকীয় ও নুন্যতম সেবার আওতায় আনার ব্যবস্থা | |
| **৯.২.৭** দীর্ঘমেয়াদি প্রতিকারমূলক ব্যবস্থা গড়ে তুলতে সমন্বিত উদ্যোগ গ্রহণ;<br>**৯.২.৮** পরিবার ও জনসমাজকে সম্পৃক্ত করে কার্যকর প্রতিরোধ ও সেবা-প্রদান ব্যবস্থা চালু<br>**৯.২.৯** শিশুদের যথাযথ সহায়তা ও সেবা-প্রদানের জন্য অবকাঠামোগত সুযোগ সৃষ্টি;<br>**৯.২.১১** সমন্বিত একীভূত সেবা-প্রদান ব্যবস্থা তৈরিসহ বিশেষ সেবা-প্রদান কার্যক্রম গ্রহণ | জাতীয় শিশু নীতি- ২০১১,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি- ২০১১,<br>সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কার্যক্রম প্রতিবেদন-২০১৪,<br>Social Protection Policy (final draft)-2013 | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং বিশ্ব খাদ্য কর্মসূচি কর্তৃক প্রণীত দারিদ্র্য ম্যাপ অনুযায়ি গ্রামের দরিদ্র পিতা-মাতার সন্তানকে উপবৃত্তি প্রদান | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● বিদ্যমান অবকাঠামো এবং স্থানীয় সুযোগ ও সম্ভাবনাকে ভিত্তি করে সেবা কার্যক্রম বাস্তবায়ন<br>● পরিবার ও জনসমাজকে সম্পৃক্তকরণ এবং ক্ষমতায়নের মাধ্যমে সেবা কার্যক্রম বাস্তবায়ন<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● স্থানীয় জনবল, সম্পদ ও সাংস্কৃতিক কাঠামোভিত্তিক কার্যকর সেবা প্রদান ব্যবস্থার প্রাতিষ্ঠানিকীকরণ<br>● স্থানীয় পর্যায়ে অবকাঠামো ও দক্ষ জনসম্পদ তৈরি করে কার্যক্রম বাস্তবায়ন | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ |
| **৯.২.১০** সংশ্লিষ্ট নীতি, পরিকল্পনা, আইন ও কাঠামোর সংস্কার সাধন; | | | **চলমান কার্যক্রম শক্তিশালীকরণ**<br>● নীতির আওতায় জন্ম থেকে আট বছর বয়সী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সংখ্যালঘু, | **মূল মন্ত্রণালয়/বিভাগ**<br>পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | সুবিধাবঞ্চিত, ঝুঁকিগ্রস্থ ও অনগ্রসর শিশুদের জন্য একীভুত এবং বিশেষায়িত কার্যক্রম সংশ্লিষ্ট সকল নীতি, পরিকল্পনা, আইন, কাঠামো ও কার্যক্রম পর্যালোচনা করে একটি সমন্বিত নীতি ও সেবা কাঠামো প্রণয়ন<br>● সমন্বিত নীতি ও সেবা কাঠামো অনুযায়ি কার্যক্রম গ্রহন ও বাস্তবায়ন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজ কল্যাণমন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় |
| **দুর্যোগ-প্রস্তুতি, দুর্যোগকালীন ও দুর্যোগ-পরবর্তী সময়ে কার্যক্রম** | | | | |
| **৮.১.১৩** দুর্যোগ-প্রস্তুতি, দুর্যোগকালীন ও দুর্যোগ-পরবর্তী সময়ে গর্ভবতী ও প্রসূতি মায়েদের জন্য বিশেষ সেবার ব্যবস্থা করা।<br>**৮.২.২২** দুর্যোগ-প্রস্তুতি, দুর্যোগকালীন ও দুর্যোগ-পরবর্তী সময়ে নবজাতক ও ছোট্ট শিশুদের জন্য বিশেষ সেবার ব্যবস্থা।<br>**৮.৩.১৯** যে কোনো দুর্যোগ বা জরুরি অবস্থায় শিশুদের অগ্রাধিকার ভিত্তিতে | জাতীয় শিশু নীতি- ২০১১,<br>জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১,<br>দুর্যোগ ব্যবস্থাপনা আইন-২০১২,<br>দূর্যোগ ব্যবস্থাপনা নীতিমালা-২০১৫,<br>দূর্যোগ বিষয়ক স্থানীয় আদেশাবলী-২০১০,<br>জাতীয় দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা-২০১০ | দূর্যোগকালীন সময়ে ত্রান হিসেবে নবজাতক ও শিশুদের প্রয়োজনীয় খাদ্য ও অন্যান্য ত্রান সামগ্রী বিতরনের ব্যবস্থা ও বিধান রয়েছে।<br><br>দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয় এর কার্যক্রম, বেসরকারি ও Corporate sector activity, Standing Orders on Disaster (SOD) | **স্বল্প মেয়াদি কার্যক্রম**<br>● প্রস্তুতি পরিকল্পনায় গর্ভবতী ও প্রসুতি মায়েদের জন্য অগ্রাধিকার ভিত্তিতে নিরাপদ আশ্রয় ও খাদ্যের সংস্থান রাখা এবং স্যানিটেশন নিশ্চিত করা<br>● দুর্যোগে অগ্রাধিকার ভিত্তিতে গর্ভবতী ও প্রসুতি মায়েদের সেবা প্রদান<br>● শিশুদের বয়স অনুযায়ি চাহিদার বিষয়টি বিবেচনায় রেখে দুর্যোগের জন্য শিশু বান্ধব প্রস্তুতি পরিকল্পনা প্রণয়ন<br>● দুর্যোগে অগ্রাধিকার ভিত্তিতে পরিকল্পনা অনুযায়ি সাড়া প্রদান (যেমন, আশ্রয় কেন্দ্রে শিশু বান্ধব পরিবেশ, শিশুব্রেষ্ট | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, গণমাধ্যম, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| অত্যাবশ্যকীয় সেবা-কার্যক্রমের আওতায় আনা;,<br>**৮.৪.২০** জলবায়ু বিপর্যয়সহ যে কোনো প্রাকৃতিক বিপর্যয় রোধে স্থায়ী প্রস্তুতিমূলক ব্যবস্থা এবং নিরবচ্ছিন্ন সেবা-প্রদান কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়ন;<br>**৯.১.১৪** দুর্যোগ-প্রস্তুতি, দুর্যোগকালীন ও দুর্যোগ-পরবর্তী সময়ে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য বিশেষ সেবার ব্যবস্থা করা।<br>**৯.২.১৮** দুর্যোগ-প্রস্তুতি, দুর্যোগকালীন ও দুর্যোগ-পরবর্তী সময়ে সুবিধাবঞ্চিত শিশুদের জন্য বিশেষ সেবার ব্যবস্থা করা। | | | ফিডিং কর্নার, শিশুদের জন্য খেলা ও বিনোদনের কর্নার, শিশুদের স্বাস্থ্য সেবা, খাদ্য ও পুষ্টি, শিশুর নিরাপত্তা ও সুরক্ষা, জরুরী অবস্থায় শিক্ষা ইত্যাদি)<br>● প্রতিবন্ধি শিশুদের বিশেষ চাহিদাকে বিবেচনায় রেখে প্রস্তুতি ও সাড়া প্রদান কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন (যেমন, আশ্রয় কেন্দ্রের প্রবেশগম্যতা, বিকল্প যোগাযোগ ব্যবস্থা ইত্যাদি)<br>● সুবিধাবঞ্চিত শিশুদের অবস্থান ও ঝুঁকি বিবেচনা করে দুর্যোগ ব্যবস্থাপনার বিশেষ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন<br>● গ্রাম পর্যায়ে ইউনিয়ন পরিষদের কার্যক্রমে দূর্যোগ ব্যবস্থাপনা শক্তিশালীকরণ<br>● দূর্যোগকালীন ও দূর্যোগ পরবর্তী সময়ে মনোসামাজিক পরামর্শ (Psychological Counseling) এর ব্যবস্থা করা<br>● ভূমিকম্প ও অগ্নিকান্ডের মত দূর্যোগ প্রতিরোধের বিষয়ে কার্যকর ব্যবস্থা নেওয়া<br>● পানিতে ডুবে শিশু মৃত্যু হ্রাস করার জন্য প্রচারণামূলক ব্যবস্থা নেয়া<br>● গ্রামে গ্রামে দূর্যোগ বিষয়ক কাউন্সিলিং কেন্দ্র গড়ে তোলা- এ বিষয়ে ইউনিয়ন | |

| কর্মকৌশল | সংশ্লিষ্ট নীতি, আইন ও বিধিসমূহ | বর্তমান কার্যক্রম | নীতির আওতায় করণীয় | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সহযোগি সংস্থা |
|---|---|---|---|---|
| | | | পরিষদ হতে নিয়মিত কার্যক্রম নেয়া<br>● বিদ্যালয়ে দূর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ কর্মসূচি বাস্তবায়ন<br>● বিদ্যমান তথ্য-প্রযুক্তি ব্যবহার করে দুর্যোগ মোকাবেলায় সচেতনতা সৃষ্টি<br><br>**মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম**<br>● দুর্যোগে সরাসরি সেবা প্রদানকারি দল (সেচ্ছাসেবী ও উদ্ধারকারী দল) এবং ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গের দক্ষতা বৃদ্ধি<br>● শিক্ষাক্রমে জলবায়ু পরিবর্তন ও দূর্যোগ ব্যবস্থাপনা পর্যালোচনা করে যুগোপযোগিকরণ<br>● দুর্যোগ ব্যবস্থাপনায় আধুনিক প্রযুক্তি সংযোজন ও এ সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি | |

# উপসংহার

শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩-র যথাযথ বাস্তবায়নের জন্য একটি সুসংগঠিত পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনার ভূমিকা অনেক। তবে এই পরিকল্পনাই চুড়ান্ত কোন দলিল নয়। সময় এবং অবস্থা বিবেচনায় প্রয়োজনে এই পরিকল্পনার বাইরে আরও উদ্যোগ নেয়া যাবে। তবে পরিকল্পনা অনুযায়ি লক্ষ্যে পৌঁছাতে বর্ণিত লক্ষ্যমাত্রা অনুযায়ি কার্যক্রম বাস্তবায়ন জরুরি। বিশেষ করে পরিচালন পরিকল্পনা অনুযায়ি প্রাতিষ্ঠানিক ও ভিত্তি কার্যক্রমসমূহ যত দ্রুত সম্ভব সম্পন্ন করা প্রয়োজন। তবেই বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ি কার্যক্রম শুরু করা যাবে।

শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩-র বাস্তবায়ন সাফল্য অনেকাংশে নির্ভর করে শক্তিশালী সমন্বয় ও সহযোগিতা ব্যবস্থার উপর। গর্ভ থেকে আট বছর বয়সী শিশুদের বিভিন্নমুখী অধিকার ও চাহিদার সমন্বিত বাস্তবায়ন এই নীতির মূল উদ্দেশ্য। তাই প্রথম থেকেই সমন্বয় ও সহযোগিতা ব্যবস্থার প্রাতিষ্ঠানীকীকরণ জরুরি। এ লক্ষ্যে সরকারি-বেসরকারি ও বিভিন্ন উন্নয়ন সহযোগি সংস্থার সমন্বিত উদ্যোগ ও অংশগ্রহণই এই নীতি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

তথ্য মন্ত্রণালয়কে সম্পৃক্ত করে যোগাযোগ কৌশল তৈরি করে এবং এ সংক্রান্ত উপকরণ প্রণয়ন করে প্রচারাভিযানের জন্য যৌথভাবে কাজ করা হলে এ নীতির দ্রুত ও কার্যকর প্রচার সম্ভব হবে।

নির্দিষ্ট সময় পর পর বাস্তবায়নের অবস্থা ও সময় এবং প্রেক্ষাপট বিবেচনায় এই বাস্তবায়ন পরিকল্পনা সংশোধন, পরিমার্জন, পরিবর্তন ও পরিবর্ধন করা যেতে পারে। তবে বার্ষিক অগ্রগতি পর্যালোচনার মাধ্যমে নিয়মিত সংশোধিত পরিকল্পনা প্রণয়ন করেও তা করা যেতে পারে।

# পরিশিষ্ট-১

## জাতীয় ইসিসিডি সমন্বয় কমিটির কর্মপরিধি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর নেতৃত্বে সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি সংস্থাসমূহের প্রতিনিধিদের নিয়ে একটি জাতীয় ইসিসিডি সমন্বয় কমিটি গঠন করা হবে। শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩-র বাস্তবায়নের জন্য জাতীয় নারী ও শিশু উন্নয়ন পরিষদের প্রয়োজনীয় সিদ্ধান্ত ও নির্দেশনার ব্যাপারে এই কমিটি বিভিন্ন বিষয়ে সুপারিশ প্রদান করবে। এছাড়া বর্ণিত নীতি বাস্তবায়ন সংক্রান্ত পদক্ষেপ, কার্যক্রম ও কৌশলের ক্ষেত্রে এই কমিটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে পরামর্শ প্রদান করবে। এই সমন্বয় কমিটি অন্যান্য দায়িত্বের সংগে সুনির্দিষ্টভাবে নিম্নলিখিত দায়িত্ব পালন করবে -

- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে কারিগরি পরামর্শ দেওয়ার জন্য যোগ্য ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের সমন্বয়ে একটি ইসিসিডি বিষয়ক জাতীয় কারিগরি কমিটি গঠন করবে এবং কমিটির খসড়া, কর্মপরিধি ও রূপরেখা প্রণয়ন করবে।
- নীতি বাস্তবায়ন সংক্রান্ত পদক্ষেপ, কার্যক্রম ও কৌশলের ক্ষেত্রে এই কমিটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে পরামর্শ প্রদান করবে।
- কারিগরি কমিটির প্রতিবেদন ও সুপারিশ পর্যালোচনা করে তা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- নীতি বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগসহ বেসরকারি ও উন্নয়ন সহযোগি সংস্থার মধ্যে সমন্বয় ও সহযোগিতার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।
- কারিগরি কমিটি কর্তৃক উপস্থাপিত বিভিন্ন সুপারিশ ও চাহিদা পর্যালোচনা করে এ সংক্রান্ত প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবে।
- কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত ইসিসিডি বিষয়ক জাতীয় প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

# পরিশিষ্ট-২

## ইসিসিডি বিষয়ক জাতীয় কারিগরি কমিটির কর্মপরিধি

যথাযথ গতি ও গুণগত মান বজায় রেখে ইসিসিডি নীতির বাস্তবায়ন ত্বরান্বিত করতে এবং লব্ধ অভিজ্ঞতার আলোকে ইসিসিডি বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে কারিগরি পরামর্শ দেওয়ার জন্য যোগ্য ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের সমন্বয়ে একটি ইসিসিডি বিষয়ক জাতীয় কারিগরি কমিটি গঠিত হবে। এই কমিটি ইসিসিডি নীতির আলোকে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নে বিভিন্ন মন্ত্রণালয়কে কারিগরি সহায়তা প্রদান করবে। এই কারিগরি কমিটি সুনির্দিষ্টভাবে নিম্নলিখিত দায়িত্ব পালন করবে -

- জাতীয় ইসিসিডি সমন্বয় কমিটিকে বিষয় ভিত্তিক প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করবে।
- নীতি বাস্তবায়নের সংগে সংশ্লিষ্ট নির্দেশনা, কৌশল, কারিগরি পত্র, কর্ম পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান করবে।
- ইসিসিডি বিষয়ক জাতীয় প্রকল্প গ্রহণে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।
- বিভিন্ন মন্ত্রণালয়ের কারিগরি চাহিদা নিরূপণ করে প্রয়োজনীয় পরামর্শ জাতীয় ইসিসিডি সমন্বয় কমিটিতে উপস্থাপন করবে।
- নীতি বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণের জন্য বিভিন্ন অংশীজন বিবেচনায় পরিবীক্ষণ পদ্ধতি প্রণয়ন করবে।
- ইসিসিডি বিষয়ক জাতীয় প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন এবং এর আলোকে ইসিসিডি-বিষয়ক একটি প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়ন ও পরিকল্পনা অনুযায়ি প্রশিক্ষণ মডিউল তৈরি করবে।
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং এর অধীন বাংলাদেশ শিশু একাডেমীসহ অন্য দপ্তরসমূহের অবকাঠামোগত উন্নয়ন ও প্রয়োজনীয় সম্প্রসারণে সংশ্লিষ্ট সেলগুলোকে প্রয়োজনীয় কারিগরি নির্দেশনা প্রদান করবে।
- ইসিসিডি নীতি বাস্তবায়নের ক্ষেত্রে প্রস্তাবিত বিভিন্ন সেল ও কমিটিগুলোর কর্মপরিধি ও সমন্বয় নীতি প্রণয়ন করবে এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।
- জাতীয় পর্যায় থেকে ইউনিয়ন পর্যায় পর্যন্ত শিশু বিষয়ক সকল বিদ্যমান কমিটিসমূহ সনাক্তকরণ, পর্যালোচনা এবং একটি কমিটিকে মূল দায়িত্ব দিয়ে সংশোধন প্রস্তাব প্রণয়ন (প্রয়োজন অনুযায়ি কমিটিতে সদস্য এবং এজেন্ডাতে ইসিসিডি বিষয় অন্তর্ভুক্তকরণ) করবে।
- কারিগরি কার্যক্রম বাস্তবায়নের জন্য বাজেট প্রণয়ন করবে এবং প্রয়োজনীয় লোকবল নিয়োগের প্রস্তাবনা প্রেরণ করবে।
- ইসিসিডিতে বিদ্যমান সেবাসমূহ পর্যালোচনা ও বিবেচনা করে আরও কি সেবা প্রস্তাব করা যায় তা নির্ণয় করবে।
- গবেষণা ও মূল্যায়নসহ বিভিন্ন পরিকল্পনা এবং সামাজিক প্রচারাভিযান কৌশল প্রণয়ন করবে।

- নীতি বাস্তবায়ন সংক্রান্ত যে কোন উদ্যোগের কারিগরি সম্ভাব্যতা যাচাইসহ প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে।
- ইসিসিডি বিষয়ক জাতীয় কারিগরি কমিটি নিয়মিত সভা করবে, অগ্রগতি পর্যালোচনা করবে এবং সমন্বয় কমিটির নিকট প্রতিবেদন পেশ করবে।

## ইসিসিডি সেলের কর্মপরিধি

- ইসিসিডি বিষয়ক জাতীয় কারিগরি কমিটির দিকনির্দেশনা অনুযায়ী ইসিসিডি তথ্য সমৃদ্ধ ডাটাবেজ তৈরি করবে।
- কমিটিগুলোর মধ্যে সমন্বয় সাধন করবে।
- নীতি বাস্তবায়নের সকল সাচিবিক দায়িত্ব পালন করবে।
- সকল তথ্য, দলিল ইত্যাদি সংরক্ষণ করবে।

# অংশীজন পরামর্শ কর্মশালায় মন্তব্য প্রদানকারীদের নামের তালিকা

<u>গর্ভ ও প্রসবকাল এবং জন্ম থেকে ৩ বছর</u>

১) ডাঃ তপন কুমার বিশ্বাস, উপ-পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
২) ডাঃ সাইদুর রহমান মাশরেকী, পরিচালক, সেন্টার ফর ইনজুরি প্রিভেনশন বাংলাদেশ
৩) ডাঃ ওয়াহিদা খানম, সহযোগী অধ্যাপক-পেডিয়েট্রিক্স, আইসিএমএইচ
৪) আলীমা নুসরাত জাহান, সহযোগী গবেষণা পরিচালক, খাদ্য পরিকল্পনা ও মনিটরিং ইউনিট, খাদ্য মন্ত্রণালয়
৫) এ এস এম শাহেন রেজা, উপ-সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
৬) লাইলা বাকী, শিক্ষা উপদেষ্টা, ইউরোপিয়ান ইউনিয়ন
৭) ডাঃ জেনা হামাদানী, প্রধান, ইসিডি ইউনিট, আইসিডিডিআরবি

<u>৩ বছর থেকে ৬ বছর</u>

১) ড. মনজুর আহমদ, সভাপতি, বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক
২) তপন কুমার দাশ, উপ-পরিচালক, গণ সাক্ষরতা অভিযান
৩) সৈয়দা সাজিয়া জামান, উর্ধ্বতন গবেষণা বিশেষজ্ঞ, শিক্ষা উন্নয়ন ইনস্টিটিউট, ব্র্যাক বিশ্ববিদ্যালয়
৪) মাহফুজুর রহমান জুয়েল, শিক্ষা কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

<u>৬ বছর থেকে ৮ বছর</u>

১) মোঃ হামিদুর রহমান, উপ-সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
২) মোহাম্মদ মহসিন, শিক্ষা ব্যবস্থাপক, ইউনিসেফ, ঢাকা
৩) মোঃ আবুল খায়ের,সহকারী সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৪) এ.এস.এম. নাজমূল হক, প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা

<u>বিশেষ চাহিদাসম্পন্ন শিশু</u>

১) তসলিমা হোসেন আরজু, জাতীয় প্রতিবন্ধী ফোরাম
২) ড. মোহাম্মদ তারিক আহসান, সহযোগী অধ্যাপক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩) ডা. গোলাম মোস্তফা, ইসিডি উপদেষ্টা, আগা খান ফাউন্ডেশন (বাংলাদেশ)

<u>সুবিধাবঞ্চিত শিশু ও দূর্যোগকালীন করনীয়</u>

১) মোজাম্মেল হক, সহকারী প্রোগ্রাম অফিসার, তথ্য মন্ত্রণালয়
২) মিসেস জাহানারা, উপ-সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৩) মাহফুজা রহমান, প্রজেক্ট অফিসার, ইউনেস্কো
৪) ড. এহসানুর রহমান, নির্বাহী পরিচালক, ঢাকা আহসানিয়া মিশন
৫) ম. হাবিবুর রহমান, উর্ধ্বতন শিক্ষা উপদেষ্টা, সেভ দ্য চিলড্রেন